# খসড়া

# ‘জাতীয় এসএমই নীতি-২০২৫’

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ:

# সূচিপত্র


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| অধ্যায়-১ | ভূমিকা | ০৪ |
| অধ্যায়-২ | রূপকল্প (ভিশন), অভিলক্ষ্য (মিশন), লক্ষ্য, উদ্দেশ্য এবং বাস্তবায়ন কৌশল | ০৫ |
| অধ্যায়-৩ | প্রয়োগ ও পরিধি | ০৬ |
| অধ্যায়-৪ | বাস্তবায়ন কৌশল | ০৬-১২ |
| | ১. অন্তর্ভুক্তিমূলক এসএমই প্রবৃদ্ধির জন্য নীতি কাঠামো | ০৬ |
| | ২. দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি | ০৭ |
| | ৩. বাজার সম্প্রসারণ এবং প্রতিযোগিতায় সক্ষমতা | ০৭ |
| | ৪. আর্থিক অন্তর্ভুক্তিকরণ, বিনিয়োগ প্রস্তুতি এবং স্টার্টআপ ইকোসিস্টেম উন্নয়ন | ০৮ |
| | ৫. নগর-গ্রাম বৈষম্য দূরীকরণে সেক্টর ও ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়ন | ০৮ |
| | ৬. এসএমই উন্নয়নে ডিজিটাল রূপান্তর এবং ইন্ডাস্ট্রি ৪.০ | ০৯ |
| | ৭. চতুর্থ শিল্প বিপ্লব উপযোগী পরিবর্তনশীল প্রযুক্তি ব্যবহারে শিল্পের উন্নয়ন | ০৯ |
| | ৮. নারীর ক্ষমতায়ন এবং সমতা নিশ্চিতকরণ | ১০ |
| | ৯. পরিবেশ বান্ধব শিল্প প্রতিষ্ঠা ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা উন্নয়ন | ১১ |
| | ১০. অপ্রাতিষ্ঠানিক এমএসএমইর প্রাতিষ্ঠানিকরণ ও উন্নয়নের মূলধারায় অন্তর্ভুক্তিকরণ | ১১ |
| অধ্যায়-৫ | কৌশল বাস্তবায়নঃ মুখ্য প্রতিষ্ঠানসমূহের ভূমিকা | ১২ |
| অধ্যায়-৬ | নীতি কৌশল পরিবীক্ষণ ও মূল্যায়ন | ১৩ |
| অধ্যায়-৭ | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | ১৮-৪১ |

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| বিবিএস (BBS) | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| বিসিআই (BCI) | বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ |
| বিসিসিআই (BCCI) | বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| বিসিএসআইআর (BCSIR) | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ |
| বেপজা (BEPZA) | বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ |
| বেজা (BEZA) | বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ |
| বিজিএমইএ (BGMEA) | বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি |
| বিডা (BIDA) | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ |
| বিআইএম (BIM) | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট |
| বিটাক (BITAC) | বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র |
| বিজেএমএ (BJMA) | বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন |
| বিকেএমইএ (BKMEA) | বাংলাদেশ নীট ওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোরটার্স এসোসিয়েশন |
| বিসিক (BSCIC) | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন |
| বিএসটিআই (BSTI) | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন |
| বিটিআই (BTI) | বিসিক ট্রেনিং ইনস্টিটিউট |
| বিটিএমএ (BTMA) | বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন |
| বুয়েট (BUET) | বাংলাদেশ প্রযুক্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় |
| বিল্ড (BUILD) | বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট |
| বাপা (BAPA) | বাংলাদেশ এগ্রো প্রসেসিং এসোসিয়েশন |
| বিপিপিএ (BPPA) | বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথোরিটি |
| বিডব্লিউসিসিআই (BWCCI) | বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| সিসিসিআই (CCCI) | চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| সিডিএম (CDM) | ক্লিন ডেভেলপমেন্ট মেকানিজম |
| সিএসই (CSE) | চিটাগাং স্টক এক্সচেঞ্জ |
| সিডব্লিউএস (CWS) | ক্রেডিট হোলসেলিং |
| সিইটিপি (CETP) | সেন্ট্রাল ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট (কেন্দ্রীয় শিল্প বর্জ্য পরিশোধানাগার) |
| ডিসিসিআই (DCCI) | ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| ডিপিডিটি (DPDT) | ডিপার্টমেন্ট অব পেটেন্ট, ডিজাইন অ্যান্ড ট্রেডমার্ক |
| ডিএসই (DSE) | ঢাকা স্টক এক্সচেঞ্জ |
| ইএসএফ (ESF) | এন্ট্রাপ্রনিওরশীপ সাপোর্ট ফান্ড |
| ইপিবি (EPB) | এক্সপোর্ট প্রমোশন ব্যুরো |
| এফবিসিসিআই (FBCCI) | ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| আইসিবি (ICB) | ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ |
| আইসিটি (ICT) | ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশনস্ টেকনোলজি |
| আইডিআরএ (IDRA) | ইনসুরেন্স ডেভেলপমেন্ট এন্ড রেগুলেটরি অথোরিটি |
| আইপিএ (IPA) | ইনভেস্টমেন্ট প্রমোশন এজেন্সি |
| আইএসআইএসসি (ISISC) | ইনফরমাল সেক্টর ইন্ডাস্ট্রি স্কিল্স কাউন্সিল |
| আইএসও (ISO) | ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড অর্গানাইজেশন (আন্তর্জাতিক মান সংস্থা) |
| এমসিসিআই (MCCI) | মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ |
| এমআরএ (MRA) | মাইক্রো রেগুলেটরি অথোরিটি |
| নাসিব (NASCIB) | ন্যাশনাল এ্যাসোসিয়েশন অব স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ |
| এনবিআর (NBR) | ন্যাশনাল বোর্ড অব রেভিনিউ (জাতীয় রাজস্ব বোর্ড) |
| এনপিও (NPO) | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন |
| এনএসডিএ (NSDA) | ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট অথরিটি (জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ) |
| পিডিবিএফ (PDBF) | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন |
| পিকেএসএফ (PKSF) | পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন |
| পিপিপি (PPP) | পাবলিক প্রাইভেট পার্টনারশিপ |
| আরএন্ডডি (R&D) | রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (গবেষণা ও উন্নয়ন) |
| এসসিআই (SCI) | স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ (ক্ষুদ্র ও কুটির শিল্প) |
| এসডিএফ (SDF) | সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন |
| এসএমই (SME) | স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান) |
| এসএমইএফ (SMEF) | এসএমই ফাউন্ডেশন (ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন) |
| ডবিউইএবি (WEAB) | উইমেন অনট্রাপ্রনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ |
| ভ্যাট (VAT) | ভ্যালু এ্যাডেড ট্যাক্স (মূল্য সংযোজন কর) |

# অধ্যায় ১
# ভূমিকা

বাংলাদেশের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ও টেকসই শিল্পায়নে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এমএসএমই) খাত গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এই খাতটি শ্রমঘন, স্বল্প পুঁজি নির্ভর এবং দ্রুত উৎপাদন সক্ষম, যার ফলে এটি অন্যান্য খাতের তুলনায় দ্রুত ফলপ্রসূ হতে পারে। এসএমই খাত শুধুমাত্র অর্থনৈতিক উন্নয়নের মাধ্যম নয়, এটি শহর ও গ্রামীণ অঞ্চলের মধ্যে ভারসাম্য তৈরি, কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনে বিশেষ ভূমিকা রাখছে। এই খাতের বিকাশে রয়েছে অপার সম্ভাবনা, যা দেশের শিল্পভিত্তিক অর্থনীতি গড়তে সহায়ক হবে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য (২০১৩) অনুযায়ী দেশে কুটির শিল্পসহ প্রায় ৭৮ লাখ মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (এমএসএমই) শিল্প প্রতিষ্ঠান রয়েছে। এখাতে প্রায় ২.১ কোটি জনবল প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মরত আছে। বর্তমানে আমাদের অর্থনীতিতে শিল্প খাতের অবদান ৩৭.০৭ শতাংশ এবং যেখানে এসএমই খাতের অবদান প্রায় ২৮ শতাংশ। অধিক জনসংখ্যা এবং সীমিত সম্পদের দেশ হিসেবে বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে এসএমই খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বর্তমান সরকারের অন্যতম প্রধান অঙ্গীকার সর্বস্তরে বৈষম্য দূরীকরণ। এই লক্ষ্যে জনগণের আয় বৈষম্য কমানোর ক্ষেত্রে এসএমই খাত একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

২০২৭ সালের মধ্যে জাতীয় আয়ে শিল্প খাতের অবদান ৪০ শতাংশে উন্নীতকরণের অভিলক্ষ্যে জাতীয় শিল্পনীতি ২০২২ প্রণয়ন করা হয়েছে। এই শিল্পনীতির অন্যতম প্রধান উদ্দেশ্য হলো দেশীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ এবং মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এমএসএমই) খাতকে শিল্পায়নের মূল চালিকা শক্তি হিসেবে বিকশিত করার সহায়ক পরিবেশ সৃষ্টি করা। দেশের ও বৈশ্বিক বিভিন্ন নীতি ও পরিকল্পনা দলিল যেমন: পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ২০২৭ সাল নাগাদ সফলভাবে এলডিসি উত্তরণ এবং এসডিজি ২০৩০ অর্জনের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা অর্জনে এসএমই খাতের উন্নয়ন সহায়ক ভূমিকা পালন করছে। তদপ্রেক্ষিতে দেশের অর্থনীতিতে এসএমই খাতের অপরিসীম গুরুত্ব বিবেচনা করে 'জাতীয় এসএমই নীতি-২০২৫' প্রণয়ন করা হয়েছে। এ নীতির লক্ষ্য হলো মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের টেকসই বিকাশে সহায়ক পরিবেশ নিশ্চিত করা, আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণ, এবং উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা উন্নত করার মাধ্যমে দেশের অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আনয়ন।

বাংলাদেশের এসএমই খাতের উন্নয়নকে ত্বরান্বিত করার জন্য সহায়ক পরিবেশ সৃষ্টি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এর আওতায় এসএমই খাতের জন্য সহায়ক নীতি সহায়তা, প্রতিষ্ঠানগুলোর কার্যকারিতা এবং উদ্যোক্তাদের আর্থিক ও ব্যবসায়িক সেবা সহজতর করার জন্য একটি স্পষ্ট কর্মপরিকল্পনা প্রণীত হয়েছে। এসএমই খাতের সঠিক বিকাশের জন্য সরকার একটি সুদৃঢ় নীতি কাঠামো এবং যথাযথ পরিবেশ সৃষ্টি করতে একত্রে কাজ করছে।

এসএমই খাতের টেকসই উন্নয়ন দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং বৈশ্বিক প্রতিযোগিতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এসএমই খাতকে বিকশিত করতে সঠিক কৌশল ও পদক্ষেপ গ্রহণ করা অত্যন্ত জরুরি। কার্যকর এসএমই কৌশল গ্রহণ প্রধানত ছয়টি বিষয়ের ওপর নির্ভর করে, যথাক্রমেঃ ১.অর্থ প্রাপ্তির সুযোগ (Access to Finance); ২. প্রযুক্তি ও উদ্ভাবনের সুযোগ (Access to Technology and Innovation); ৩. বাজার প্রবেশের সুযোগ (Access to Market); ৪. উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ (Access to Education and Training); ৫. ব্যবসা সহায়ক সেবা প্রাপ্তির সুযোগ (Access to Business Support Sevices); এবং ৬. প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির সুযোগ (Access to information)। উক্ত সুবিধাদি নিশ্চিত করার জন্য কার্যকর এসএমই উন্নয়ন কৌশল প্রণয়ন প্রধানত তিনটি বিষয়ের ওপর নির্ভর করে (১) সহায়ক নীতি ও উপযুক্ত পরিবেশ (২) টেকসই ও কার্যকর প্রতিষ্ঠান এবং (৩) অস্বচ্ছল ও সুবিধাবঞ্চিত কিন্তু সম্ভাবনাময়ী উদ্যোক্তাদের আর্থিক ও ব্যবসা সহায়ক সেবা সহায়তা লাভের সুযোগ প্রাপ্তি। এ তিনটি প্রধান বিষয় বিবেচনায় নিয়ে এসএমই উন্নয়নে সহায়ক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এ নীতি বাস্তবায়ন কৌশলের ওপর গুরুত্ব দেয়া হয়েছে।

এসএমই খাতের বর্তমান অবস্থা ও সংশ্লিষ্ট নীতিসমূহ বিবেচনায় নিয়ে 'জাতীয় এসএমই নীতি-২০২৫' প্রণয়ন করা হয়েছে। এ নীতিমালায় এসএমই সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান এবং প্রশাসনিক কার্যক্রম সহজীকরণের মাধ্যমে এসএমই খাতে সবার জন্য সুযোগ তৈরির লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীতব্য কর্মকৌশলসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, অন্তর্ভুক্তিমূলক এসএমই প্রবৃদ্ধি, দক্ষতা ও উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি, বাজার সম্প্রসারণ ও প্রতিযোগিতায় সক্ষমতা, অর্থায়ন সুবিধা প্রাপ্তির সুযোগ, প্রযুক্তি বিকাশ, নগর-গ্রাম বৈষম্য দূরীকরণে সেক্টর ও ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়ন, টেকসই উন্নয়ন এবং অপ্রাতিষ্ঠানিক এমএসএমইর প্রাতিষ্ঠানিকরণ ও উন্নয়নের মূলধারায় অন্তর্ভুক্তির উপর জোর দেয়া হয়েছে।

# অধ্যায় ২
# রূপকল্প (ভিশন), অভিলক্ষ্য (মিশন), লক্ষ্য, উদ্দেশ্য এবং বাস্তবায়ন কৌশল

## ২.১ রূপকল্প (ভিশন)

বৈষম্যহীন টেকসই ভবিষ্যৎ বিনির্মাণে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ক্ষমতায়ন।

## ২.২ অভিলক্ষ্য (মিশন)

দক্ষতা উন্নয়ন, ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টি, সহজলভ্য অর্থায়ন, বাজার সম্প্রসারণ, প্রযুক্তি ও উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি এবং টেকসই কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে এসএমই খাতকে একটি শক্তিশালী ও টেকসই অর্থনৈতিক ভিত্তি হিসেবে প্রতিষ্ঠিত করা।

## ২.৩ লক্ষ্য

২০৩০ এর মধ্যে জাতীয় আয়ে (জিডিপি) এসএমই খাতের অবদান ৩৫ শতাংশে উন্নীতকরণ।

## ২.৪ উদ্দেশ্য

২.৪.১ টেকসই পরিবেশবান্ধব এসএমই খাতের উন্নয়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ খাতসমূহের ভূমিকা এবং এসএমই সংশ্লিষ্ট নীতি বাস্তবায়নের কৌশলমূহ চিহ্নিত করা;

২.৪.২ এসএমই খাতের বিকাশ ও সম্প্রসারণে প্রয়োজনীয় অবকাঠামো ও ক্লাস্টার উন্নয়ন, নারী উদ্যোক্তা উন্নয়ন এবং আর্থিক ও অ-আর্থিক সেবা প্রদানে সহায়ক নীতি প্রণয়ন করা;

২.৪.৩ এসএমই খাতে প্রাতিষ্ঠানিক অর্থায়ন প্রাপ্তির সুযোগ বৃদ্ধি, আইসিটিভিত্তিক প্রযুক্তি গ্রহণ ও ব্যবহার, উৎপাদনশীলতার কৌশল উন্নয়ন, পণ্যের বাজারজাতকরণে সহায়তাকরণ, বৃহৎ শিল্পের সাথে এসএমইদের সংযোগ স্থাপন এবং আইনী ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণের মাধ্যমে এসএমই-বান্ধব পরিবেশের উন্নয়ন করা;

২.৪.৪ এসএমই খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (পিপিপি) প্রতিষ্ঠা এবং নতুন এসএমই উদ্যোগ সৃষ্টি (স্টার্টআপ), ব্যবসা পরিচালনা ও বিকাশে অন্তরায় হতে পারে এমন সরকারি নীতি ও বিধি-বিধান যুগোপযোগী করা;

২.৪.৫ এসএমই খাতের প্রতিযোগিতা সক্ষমতা এবং উদ্ভাবনীমূলক সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে গবেষণা ও উন্নয়ন (আরএন্ডডি) কার্যক্রম বৃদ্ধি ও জোরদারকরণ; এবং

২.৪.৬ এসএমই খাতে বিরাজমান ও উদ্ভূত সমস্যাসমূহ সমাধানের নিমিত্ত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, সংস্থা এবং বাণিজ্য সংগঠনকে একক প্ল্যাটফর্মে নিয়ে আসার লক্ষ্যে কার্যকর সমন্বিত ব্যবস্থা গড়ে তোলা এবং মুখ্য প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী করা।

## ২.৫ বাস্তবায়ন কৌশল

এসএমই নীতিমালা ২০২৫-এ বর্ণিত রূপকল্প (ভিশন), অভিলক্ষ্য (মিশন), লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে সঙ্গতি রেখে দেশের এসএমই খাত উন্নয়ন এবং শক্তিশালীকরণে নিম্নোক্ত কৌশলসমূহ নির্ধারণ করা হয়েছে:

২.৫.১ অন্তর্ভুক্তিমূলক এসএমই প্রবৃদ্ধির জন্য নীতি কাঠামো;
২.৫.২ দক্ষতা ও উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি;
২.৫.৩ বাজার সম্প্রসারণ এবং প্রতিযোগিতায় সক্ষমতা;
২.৫.৪ আর্থিক অন্তর্ভুক্তিকরণ, বিনিয়োগ প্রস্তুতি এবং স্টার্টআপ ইকোসিস্টেম উন্নয়ন;
২.৫.৫ নগর-গ্রাম বৈষম্য দূরীকরণে সেক্টর ও ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়ন;
২.৫.৬ এসএমই উন্নয়নে ডিজিটাল রূপান্তর এবং ইন্ডাস্ট্রি ৪.০;
২.৫.৭ চতুর্থ শিল্প বিপ্লব উপযোগী পরিবর্তনশীল প্রযুক্তি ব্যবহারে শিল্পের উন্নয়ন;
২.৫.৮ নারীর ক্ষমতায়ন এবং সমতা নিশ্চিতকরণ;
২.৫.৯ টেকসই উন্নয়ন, জলবায়ু সহনশীলতা এবং সমৃদ্ধ ভবিষ্যতের পথে; এবং
২.৫.১০ অপ্রাতিষ্ঠানিক এমএসএমই খাতের প্রাতিষ্ঠানিকীকরণ ও মূলধারায় অন্তর্ভুক্তি।

## অধ্যায় ৩
# প্রয়োগ ও পরিধি

**৩.১ প্রয়োগ ও পরিধি**

৩.১.১ 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এ জিডিপিতে এসএমই খাতের কাঙ্ক্ষিত অবদান বৃদ্ধি ও দারিদ্র্য নিরসনের নিমিত্ত সরকারি ও ব্যক্তিখাতের সমন্বিত প্রচেষ্টায় ব্যাপকভিত্তিক এসএমই উন্নয়ন কার্যক্রম গ্রহণের ওপর জোর দেয়া হয়েছে।

৩.১.২ 'জাতীয় শিল্পনীতি ২০২২' এবং তদপরবর্তী প্রণীত শিল্পনীতিতে সংজ্ঞায়িত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প 'এসএমই নীতিমালা ২০২৫'-এর আওতাভুক্ত হবে।

৩.১.৩ পরবর্তী এসএমই নীতিমালা প্রণীত না হওয়া পর্যন্ত এ নীতিমালার কার্যকারিতা অব্যাহত থাকবে। তবে 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এ অন্তর্ভুক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রয়োজনে সময়ে সময়ে পরিবর্তন এবং পরিবর্ধন করা যাবে।

## অধ্যায় ৪
# বাস্তবায়ন কৌশল

**৪.১ কৌশলগত লক্ষ্য ১: অন্তর্ভুক্তিমূলক এসএমই প্রবৃদ্ধির জন্য নীতি কাঠামোর উন্নয়ন**

অন্তর্ভুক্তিমূলক এসএমই প্রবৃদ্ধি নিশ্চিত করতে প্রান্তিক জনগোষ্ঠী, নারী এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য সহজ, কার্যকর এবং নির্ভরযোগ্য নীতিমালা কাঠামো তৈরি করা অত্যন্ত জরুরি। এ কৌশলের মূল লক্ষ্য হলো একটি অন্তর্ভুক্তিমূলক নীতি কাঠামো তৈরি করা যা দেশের সমস্ত স্তরের উদ্যোক্তাদের জন্য সমান সুযোগ সৃষ্টি করবে। এছাড়াও প্রশাসনিক জটিলতা কমানোর মাধ্যমে প্রান্তিক ও ক্ষুদ্র উদ্যোক্তারা যাতে সহজে ব্যবসায়িক পরিবেশে প্রবেশ করতে পারে এবং ন্যায্য সুযোগ পায় এবং এসএমই খাতের প্রবৃদ্ধি নিশ্চিত করতে এটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

বাংলাদেশে এসএমই খাত জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও প্রান্তিক ও গ্রামীণ উদ্যোক্তারা এখনও মূলধারার অর্থনৈতিক কার্যক্রমে যথাযথ স্থান পাচ্ছে না। সরকারি নীতি ও প্রণোদনার অভাবে প্রান্তিক উদ্যোক্তাদের জন্য সহজে অর্থায়ন এবং বাজার সংযোগে প্রতিবন্ধকতা তৈরি হয়।

৪.১.১ এসএমই সংশ্লিষ্ট ব্যবসা পরিবেশের উন্নতি সাধন ও বিনিয়োগকারীদের অধিকার সুরক্ষায় বিদ্যমান ব্যবসা সম্পর্কিত প্রশাসনিক শর্তসমূহ সহজ করা হবে। এসএমই উন্নয়নে বিশেষ করে রপ্তানিমুখী শিল্পে সহায়ক সেবা ও সক্ষমতা/বৃদ্ধির লক্ষ্যে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৪.১.২ এসএমই খাতের উন্নয়নে প্রতিনিধিত্বকারী ও অন্যান্য সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে সমন্বয় জোরদারকরণ করা হবে এবং সরকারি ও ব্যক্তিখাতের সমন্বিত প্রচেষ্টায় ব্যাপকভিত্তিক এসএমই উন্নয়ন কার্যক্রম গ্রহণের নিমিত্ত কর্মসূচিগুলো একটি কেন্দ্রীয় পরিবীক্ষণ ব্যবস্থাধীনে নিয়ে আসা হবে।

৪.১.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এসএমই খাতের গুরুত্বপূর্ণ অবদানকে প্রাতিষ্ঠানিকরূপ দেয়ার লক্ষ্যে জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের অবদানের সঠিক পরিসংখ্যান নিরূপণ করার প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে।

৪.১.৪ এসএমই খাত সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক গবেষণা এবং প্রযুক্তিগত গবেষণা ও উন্নয়ন কার্যক্রমে আরো গতিশীলতা আনয়ন করা হবে। তহবিল বৃদ্ধির মাধ্যমে এসএমই খাতে গবেষণা কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বিভিন্ন প্রযুক্তি ও ব্যবসা সহায়ক সেবা বিষয়ক প্রকাশনা ভান্ডার সমৃদ্ধ করা হবে।

৪.১.৫ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কর্মকৌশল সমূহঃ**

৪.১.৩.১ এসএমই ব্যবসা পরিচালনায় আইনি ও প্রশাসনিক শর্ত সহজীকরণ;

৪.১.৩.২ কর ব্যবস্থা সহজীকরণ ও যৌক্তিকীকরণ;

৪.১.৩.৩ রপ্তানিমুখী এসএমই খাতকে বিনিয়োগ, রাজস্ব ও অন্যান্য প্রণোদনা প্রদান;

৪.১.৩.৪ প্রাতিষ্ঠানিক কাঠামোর মধ্যে সমন্বয় জোরদারকরণ;
৪.১.৩.৫ বিসিক ও এসএমইএফ এর শক্তিশালীকরণ;
৪.১.৩.৬ জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের অবদানের হালনাগাদ পরিসংখ্যান নিরূপণ;
৪.১.৩.৭ এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন সূচক/পরিসংখ্যানের নিয়মিত হালনাগাদকরণ;
৪.১.৩.৮ এসএমই খাতের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা; এবং
৪.১.৩.৯ গবেষণার মাধ্যমে এসএমই সংক্রান্ত বিভিন্ন পুস্তক ও ডিরেক্টরি প্রকাশ।
৪.১.৩.১০ এসএমই খাতের উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক এসএমই দিবস ও জাতীয় এসএমই দিবস যথাযথভাবে উদযাপন করা।

**৪.২ কৌশলগত লক্ষ্য ২: দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি**

এই কৌশলের লক্ষ্য হচ্ছে এসএমই উদ্যোক্তাদের দক্ষতা এবং উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি করা। এই কৌশলগত লক্ষ্যের মধ্যে রয়েছে প্রশিক্ষণ, প্রযুক্তি ব্যবহারের দক্ষতা এবং উদ্ভাবনের সুযোগ বৃদ্ধি করার মাধ্যমে এসএমইদের প্রতিযোগিতা সক্ষমতা বাড়ানো।

বাংলাদেশে এসএমই উদ্যোক্তাদের বেশিরভাগেরই আধুনিক ব্যবসায়িক দক্ষতা এবং প্রযুক্তি ব্যবহারের দক্ষতার অভাব রয়েছে। স্থানীয় প্রযুক্তি এবং উদ্ভাবনী পদ্ধতির অপ্রতুলতা এসএমই উন্নয়নে বাঁধা সৃষ্টি করছে।

৪.২.১ এসএমই খাতের বিকাশে দক্ষ মানব সম্পদ তৈরি এবং দেশের কারিগরি ও উচ্চ শিক্ষা ব্যবস্থায় উপযুক্ত উদ্যোক্তা শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনার ব্যবস্থা করা হবে।

৪.২.২ এসএমই প্রশিক্ষণ কারিকুলাম তৈরি, গবেষণা, চাহিদাভিত্তিক প্রশিক্ষণ, ইন্টার্নশিপ ইত্যাদির মাধ্যমে বেসরকারি খাতের সাথে কার্যকর যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধির উদ্যোগ গ্রহন করা হবে।

৪.২.৩ মানব সম্পদ উন্নয়নের সাথে সম্পর্কিত এবং উদ্যোক্তা উন্নয়নে সহায়ক অনুকূল পরিবেশ তৈরি করতে নিম্নের কৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কর্মকৌশল সমূহঃ**
৪.২.৩.১ এসএমইদের জন্য উপযুক্ত ব্যবসা প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন;
৪.২.৩.২ স্ট্যান্ডারডাইজড প্রশিক্ষণ মডিউল ও কারিকুলাম তৈরি;
৪.২.৩.৩ এসএমই প্রশিক্ষণ/ যুগোপোযোগী প্রতিষ্ঠানসমূহের সামর্থ্য ও কর্মক্ষমতা বৃদ্ধি;
৪.২.৩.৪ প্রশিক্ষণ কর্মসূচি বিষয়ক স্টিয়ারিং কমিটি গঠন;
৪.২.৩.৫ অনলাইন ট্রেনিং কনটেন্ট ও ম্যানুয়াল তৈরি ও ব্যবস্থাপনা;
৪.২.৩.৬ প্রশিক্ষণ কর্মসূচির মূল্যায়ন;
৪.২.৩.৭ এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের তথ্যভাণ্ডার তৈরি;
৪.২.৩.৮ প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে কার্যকর পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি;
৪.২.৩.৯ নতুন উদ্যোক্তা ও ব্যবসা-উদ্যোগ উন্নয়ন বিষয়ক কর্মসূচি পরিচালনা;
৪.২.৩.১০ সেবাখাতের এসএমইসমূহকে শক্তিশালীকরণ; এবং
৪.২.৩.১১ এসএমই খাতে ইনোভেশনের বিকাশ।

**৪.৩ কৌশলগত লক্ষ্য ৩: বাজার সম্প্রসারণ এবং প্রতিযোগিতায় সক্ষমতা**

এই কৌশলের লক্ষ্য হচ্ছে এসএমই পণ্যের বাজারে প্রবেশ এবং প্রতিযোগিতায় সক্ষমতা বৃদ্ধি করা। এর মধ্যে গুণগতমান উন্নয়ন, পণ্যের আন্তর্জাতিকীকরণ, এবং বাজারে প্রবেশের সুবিধা প্রদান অন্তর্ভুক্ত।

বাংলাদেশের এসএমই উদ্যোক্তারা আন্তর্জাতিক মান বজায় রাখতে এবং নতুন বাজারে প্রবেশ করতে সমস্যায় পড়ে থাকেন। রপ্তানি সুবিধা ও ব্র্যান্ডিংয়েও ঘাটতি রয়েছে। আন্তর্জাতিক প্রতিযোগিতায় টিকে থাকার জন্য এসএমইদের ব্র্যান্ডিং, সার্টিফিকেশন এবং রপ্তানি বাড়ানো প্রয়োজন।

৪.৩.১ এসএমই খাতকে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের চালিকাশক্তিতে পরিণত করার লক্ষ্যে দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এসএমই খাতের প্রতিযোগিতা ও রপ্তানি সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.৩.২ এসএমই পণ্যের গুণগতমান সংরক্ষণ, নতুন বাজার সৃষ্টি এবং বাজারজাতকরণের কৌশল চিহ্নিতকরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা হবে।

৪.৩.৩ টেকসই এসএমই খাত প্রতিষ্ঠার নিমিত্ত চাহিদা ও যোগানের ভারসাম্য বজায় রাখার জন্য যথাক্রমে অগ্রসংযোগ (Forward Linkage) এবং পশ্চাৎসংযোগ (Backward Linkage) শিল্প স্থাপনের লক্ষ্যে ব্যবস্থা নেয়া হবে। বৃহৎ শিল্পের উৎপাদন প্রক্রিয়া এবং প্রযুক্তি ধারণা এসএমই কর্তৃক সহজে গ্রহণ ও ব্যবহারের সুযোগ তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৪.৩.৪ মুক্তবাজার অর্থনীতিতে প্রতিযোগিতায় টিকে থাকতে নতুন ও আধুনিক পদ্ধতি আয়ত্তকরণে এসএমইদের জন্য বিশেষ সুযোগ সৃষ্টি করা হবে এবং এসএমইদের সুরক্ষায় প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন করা হবে।

৪.৩.৫ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কর্মকৌশল সমূহঃ**

৪.৩.৫.১ রপ্তানি বাজারে এসএমই পণ্য প্রবেশের সুযোগ বৃদ্ধি;
৪.৩.৫.২ নতুন বাজার বিশ্লেষণ বিষয়ে পরামর্শ ও তথ্য সেবা;
৪.৩.৫.৩ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে এসএমই পণ্য মেলা আয়োজন;
৪.৩.৫.৪ এসএমই পণ্য প্রদর্শনী কেন্দ্র স্থাপন ও অনলাইন মার্কেট প্লাটফরম তৈরি;
৪.৩.৫.৫ এসএমই পণ্যের ব্র্যান্ডিং;
৪.৩.৫.৬ এসএমই পণ্যের গুণগতমান সংরক্ষণে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা;
৪.৩.৫.৭ আন্তর্জাতিক সনদ প্রাপ্তিতে এসএমইদের সহায়তা প্রদান;
৪.৩.৫.৮ এসএমইদের বিএসটিআই সনদ, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস প্রাপ্তি সহজীকরণ;
৪.৩.৫.৯ প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা;
৪.৩.৫.১০ জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান করা;
৪.৩.৫.১১ এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে গড়ে তোলা; এবং
৪.৩.৫.১২ কন্ট্রাক্ট মেন্যুফেকচারিং (সাব-কন্ট্রাক্টিং) এর মাধ্যমে এসএমই খাতের উন্নয়ন।

## ৪.৪ কৌশলগত লক্ষ্য ৪: আর্থিক অন্তর্ভুক্তিকরণ, বিনিয়োগ প্রস্তুতি এবং স্টার্টআপ ইকোসিস্টেম উন্নয়ন

এই কৌশলের লক্ষ্য হচ্ছে এসএমই খাতে সহজ, দ্রুত এবং সাশ্রয়ী মূল্যের অর্থায়ন নিশ্চিত করা। এসএমইদের জন্য ঋণ, বিনিয়োগ এবং রিস্ক ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়ন।

বাংলাদেশ এসএমই উদ্যোক্তারা জামানত এবং উচ্চ সুদের কারণে ঋণ নিতে পারেন না। তাদের জন্য ঋণ গ্রহণ সহজ করতে নতুন সমাধান প্রয়োজন।

৪.৪.১ এসএমই খাতে ঋণ চাহিদা পূরণের জন্য টেকসই অর্থায়ন ব্যবস্থা প্রতিষ্ঠা করা এবং প্রাতিষ্ঠানিক অর্থায়ন প্রাপ্তির সুযোগ বৃদ্ধি করা হবে।

৪.৪.২ ব্যবসা নিবন্ধন পদ্ধতি এবং ব্যবসা শুরুর (স্টার্টআপ/নতুন ব্যবসা) প্রক্রিয়া সহজ, দ্রুততর ও এসএমই বান্ধব করার লক্ষ্যে অনলাইন রেজিস্ট্রেশন, ওয়ানস্টপ সেবাসহ নানাবিধ আর্থিক ও অ-আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে এসএমইদের প্রয়োজনীয় সহায়তা দেয়া হবে।

৪.৪.৩ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কর্মকৌশল সমূহঃ**

৪.৪.৩.১ এসএমই অর্থায়নে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উদ্যোক্তাদের রেডিনেস;
৪.৪.৩.২ টেকসই ও কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলা;
৪.৪.৩.৩ এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করা;
৪.৪.৩.৪ বিকল্প অর্থায়ন সুবিধাসমূহ;
৪.৪.৩.৫ পুনঃঅর্থায়ন স্কীম শক্তিশালীকরণ;
৪.৪.৩.৬ ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম শক্তিশালীকরণ; এবং
৪.৪.৩.৭ স্টার্টআপ।

## ৪.৫ নগর-গ্রাম বৈষম্য দূরীকরণে সেক্টর ও ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়ন

নগর-গ্রাম বৈষম্য দূরীকরণে সেক্টর ও ক্লাস্টারভিত্তিক এসএমই উন্নয়ন কৌশল বাস্তবায়নের মাধ্যমে দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত করা সম্ভব। এই কৌশল গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করবে এবং নির্দিষ্ট সেক্টরের উন্নয়নকে ত্বরান্বিত করবে।

বাংলাদেশে এসএমই (ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ) খাত অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থানের অন্যতম চালিকাশক্তি। তবে, শহরাঞ্চলে এ খাতের জন্য সুযোগ-সুবিধা তুলনামূলকভাবে বেশি থাকলেও গ্রামীণ অঞ্চলে অবকাঠামোর দুর্বলতা, বিনিয়োগ সীমাবদ্ধতা এবং দক্ষ মানবসম্পদের অভাবে এ খাত কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জন করতে পারে না।

গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে এবং এ বৈষম্য কমাতে সেক্টরভিত্তিক প্রবৃদ্ধি এবং ক্লাস্টার উন্নয়ন একটি অত্যন্ত কার্যকরী কৌশল। যথাযথ অবকাঠামো, নীতি সহায়তা এবং বিশেষায়িত উদ্যোগের মাধ্যমে এ কৌশল বাস্তবায়ন সম্ভব।

৪.৫.১ বিসিক শিল্পনগরী এবং এসএমই ক্লাস্টারসমূহে বিদ্যমান দুর্বল অবকাঠামো রাস্তাঘাট, বিদ্যুৎ, গ্যাস, পানি ও যোগাযোগ ইত্যাদির উন্নয়নে বিশেষ কর্মসূচি গ্রহণ করা হবে।

৪.৫.২ জাতীয় অর্থনীতিতে সেক্টরভিত্তিক প্রবৃদ্ধি এবং উন্নয়নের গুরুত্ব বিবেচনা করে নিম্নের কৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৫.২.১ গ্রামীণ অবকাঠামো ও পরিবহন ব্যবস্থার উন্নয়ন
৪.৫.২.২ দক্ষ মানবসম্পদ উন্নয়ন
৪.৫.২.৩ গবেষণা ও উদ্ভাবন বৃদ্ধি
৪.৫.২.৪ অর্থায়ন সহজীকরণ
৪.৫.২.৫ ডিজিটাল প্ল্যাটফর্ম এবং প্রযুক্তি প্রবাহ
৪.৫.২.৬ টেকসই শিল্পায়ন
৪.৫.২.৭ বাজার সম্প্রসারণ এবং রপ্তানি সম্ভাবনা বৃদ্ধি
৪.৫.২.৮ নীতিমালা ও প্রশাসনিক সহায়তা

### ৪.৬ কৌশলগত লক্ষ্য ৬: এসএমই উন্নয়নে ডিজিটাল রূপান্তর এবং ইন্ডাস্ট্রি ৪.০

ডিজিটাল রূপান্তর এবং ইন্ডাস্ট্রি ৪.০ এর মাধ্যমে এসএমই খাতকে আধুনিকীকরণ সম্ভব। এটি উৎপাদনশীলতা বৃদ্ধি, খরচ কমানো, এবং আন্তর্জাতিক প্রতিযোগিতায় টিকে থাকার সক্ষমতা বাড়াতে সাহায্য করবে। আধুনিক প্রযুক্তি যেমন অটোমেশন, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এবং ইন্টারনেট অব থিংস (IoT) প্রয়োগের মাধ্যমে শিল্পে নতুন যুগের সূচনা হবে।

বাংলাদেশের এসএমই খাত একটি গুরুত্বপূর্ণ সময়ে রয়েছে, যেখানে দ্রুত প্রযুক্তিগত অগ্রগতি ব্যবসায়িক পরিবেশকে নতুন করে রূপ দিচ্ছে। ডিজিটাল রূপান্তরের পথে অগ্রসর হতে হলে অবকাঠামোগত বিনিয়োগ, দক্ষতা উন্নয়ন এবং শক্তিশালী সরকারি-বেসরকারি অংশীদারিত্বের প্রয়োজন। ইন্ডাস্ট্রি ৪.০ এর চর্চার মাধ্যমে এসএমই খাতকে আরও দৃঢ়, দক্ষ ও আন্তর্জাতিকভাবে প্রতিযোগিতামূলক করা সম্ভব।

৪.৬.১ ই-কমার্স, অনলাইন সাপোর্ট প্ল্যাটফর্ম, আউটসোর্সিং সমাধান ও আধুনিক আইসিটি অ্যাপ্লিকেশনের মাধ্যমে এসএমইদের ক্ষমতায়ন করা হবে এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ভিত্তিক সফটওয়্যার ব্যবহারে দক্ষতা বৃদ্ধি করা হবে।

৪.৬.২ এসএমইদের উদ্ভাবনী সক্ষমতা বাড়ানোর জন্য কৌশলগত উদ্যোগ নেওয়া হবে এবং প্রযুক্তি গ্রহণ ও হস্তান্তরের জন্য সুযোগ তৈরি করা হবে।

৪.৬.৩ এই লক্ষ্যগুলির সাথে সামঞ্জস্য রেখে নিম্নলিখিত কৌশলসমূহ বাস্তবায়ন করা হবে:

**কর্মকৌশল সমূহঃ**

৪.৬.৩.১ তথ্য প্রযুক্তি পরিষেবা কাঠামোতে অন্তর্ভুক্তিকরণ;
৪.৬.৩.২ অনলাইন ভিত্তিক ব্যবসা সম্প্রসারণে সহায়তা প্রদান;
৪.৬.৩.৩ তথ্য প্রযুক্তি ইনোভেশন ইনকিউবেটর;
৪.৬.৩.৪ সাইবার সুরক্ষা ও ডাটা নিরাপত্তা; এবং
৪.৬.৩.৫ উদ্যোক্তাদের অটোমেশনে AI নির্ভর টুলস ব্যবহারের দক্ষতা বৃদ্ধি কার্যক্রম।

### ৪.৭ কৌশলগত লক্ষ্য ৭: চতুর্থ শিল্প বিপ্লব উপযোগী পরিবর্তনশীল প্রযুক্তি ব্যবহারে শিল্পের উন্নয়ন

এসএমই খাতে আধুনিক প্রযুক্তির গ্রহণ এবং উন্নয়ন নিশ্চিত করা হলে উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। এটি শিল্প ৪.০-এর যুগে এসএমইদের সক্ষমতা বাড়াতে সাহায্য করবে।

বাংলাদেশে বেশিরভাগ এসএমই এখনও ম্যানুয়াল উৎপাদন প্রক্রিয়ায় নির্ভরশীল। অটোমেশন এবং স্মার্ট ম্যানুফ্যাকচারিং প্রযুক্তির সীমিত ব্যবহার উৎপাদনশীলতাকে বাধাগ্রস্ত করছে। শিল্প ৪.০ প্রযুক্তি এসএমই খাতের রূপান্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

৪.৭.১ এসএমইদের উদ্ভাবনী সামর্থ্য বৃদ্ধি এবং প্রযুক্তি গ্রহণ ও হস্তান্তরের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যথাযথ ও প্রাসঙ্গিক কৌশল গ্রহণ করা হবে।

৪.৭.২ টেকসই এসএমই খাত প্রতিষ্ঠার নিমিত্ত চাহিদা ও যোগানের ভারসাম্য বজায় রাখার জন্য যথাক্রমে অগ্রসংযোগ (Forward Linkage) এবং পশ্চাৎসংযোগ (Backward Linkage) শিল্প স্থাপনের লক্ষ্যে ব্যবস্থা নেয়া হবে। বৃহৎ শিল্পের উৎপাদন প্রক্রিয়া এবং প্রযুক্তি ধারণা এসএমই কর্তৃক সহজে গ্রহণ ও ব্যবহারের সুযোগ তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৪.৭.৩ মুক্তবাজার অর্থনীতিতে প্রতিযোগিতায় টিকে থাকতে নতুন ও আধুনিক পদ্ধতি আয়ত্তকরণে এসএমইদের জন্য বিশেষ সুযোগ সৃষ্টি করা হবে এবং এসএমইদের সুরক্ষায় প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন করা হবে।

৪.৭.৪ উপরোল্লিখিত লক্ষ্যের সাথে সঙ্গতি রেখে নিম্নের কৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কৌশলগত হাতিয়ারসমূহ**

৪.৭.৪.১ এসএমইদের সক্ষমতা উন্নয়নে আধুনিক, পরিবেশবান্ধব ও জ্বালানি সাশ্রয়ী প্রযুক্তির প্রসার ও ব্যবহার;

৪.৭.৪.২ নতুন প্রযুক্তি গ্রহণ, ব্যবহার ও উদ্ভাবনে সহায়তা প্রদান

৪.৭.৪.৩ প্রযুক্তি ও ইনোভেশন ইনকিউবেটর স্থাপন;

৪.৭.৪.৪ প্রযুক্তিগত বিষয়ে জনবলের দক্ষতা উন্নয়ন

৪.৭.৪.৫ এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে গড়ে তোলা;

৪.৭.৪.৬ সাব-কন্ট্রাক্টিংয়ের মাধ্যমে এসএমই খাতের উন্নয়ন;

৪.৭.৪.৭ আন্তর্জাতিক সার্টিফিকেশন পেতে এসএমইদের সহায়তা প্রদান; এবং

৪.৭.৪.৮ এসএমই পণ্য সুরক্ষায় উদ্বুদ্ধকরণ এবং সহায়তা প্রদান।

**৪.৮ নারীর ক্ষমতায়ন এবং সমতা নিশ্চিতকরণ**

নারীর ক্ষমতায়ন দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং সামাজিক অগ্রগতির অন্যতম মূল স্তম্ভ। এসএমই খাতে নারীদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক সমতা এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি সম্ভব। নারীদের অর্থনৈতিক ক্ষমতায়ন এবং ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজন প্রশিক্ষণ, আর্থিক সহায়তা এবং নেটওয়ার্কিং সুবিধা। এই কৌশলটি নারীদের দক্ষতা উন্নয়ন, অর্থনৈতিক স্বাধীনতা, এবং ব্যবসায়িক প্রতিযোগিতায় এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে প্রণয়ন করা হয়েছে।

নারীরা দেশের মোট জনশক্তির একটি উল্লেখযোগ্য অংশ এবং এসএমই খাতের কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টিতে তাদের অবদান অপরিসীম। বাংলাদেশে নারীরা এসএমই খাতে উল্লেখযোগ্য অবদান রাখলেও এখনও আর্থিক, সামাজিক এবং সাংস্কৃতিক বাঁধার সম্মুখীন হচ্ছেন। তাদের উদ্যোক্তা হওয়া এবং ব্যবসা পরিচালনা সহজ করতে প্রয়োজনীয় নীতি ও আর্থিক সহায়তা বাড়ানো দরকার।

৪.৮.১ নারী উদ্যোক্তাদের ব্যবসা শুরু ও ব্যবসা পরিচালনায় অর্থায়ন, প্রাসঙ্গিক শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি, ব্যবসা সম্পর্কিত তথ্য সহজলভ্য করা হবে।

৪.৮.২ উন্নয়নের মূল স্রোতধারায় নারী উদ্যোক্তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নের কৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবে:

**কর্মকৌশলসমূহঃ**

৪.৮.২.১ নারী উদ্যোক্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষায়িত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

৪.৮.২.২ নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক সহায়তা প্রদানের জন্য বিজনেস সাপোর্ট সার্ভিস প্রদান;

৪.৮.২.৩ নারী উদ্যোক্তাদের জন্য বিদ্যমান বিশেষায়িত ঋণের প্রবাহ বৃদ্ধি;

৪.৮.২.৪ নারী উদ্যোক্তা উন্নয়ন তহবিল গঠন;

৪.৮.২.৫ উইমেন চেম্বার এবং সংশ্লিষ্ট ট্রেডবডিসমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;

৪.৮.২.৬ নারী উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ, এবং

৪.৮.২.৭ বাজার সংযোগে সুযোগ বৃদ্ধি।

**৪.৯ কৌশলগত লক্ষ্য ৯: টেকসই উন্নয়ন, জলবায়ু সহনশীলতা এবং সমৃদ্ধ ভবিষ্যতের পথে এসএমই**

এসএমই খাতের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে পরিবেশবান্ধব উদ্যোগ গ্রহণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা এবং সবুজ প্রযুক্তি (Green technology) ব্যবহারে মনোযোগ দেওয়া অত্যন্ত জরুরি। টেকসই উৎপাদন পদ্ধতি এবং সবুজ উদ্যোক্তাদের (Green Enterprises) সহায়তা দেশের পরিবেশ সুরক্ষার পাশাপাশি আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা সক্ষমতা বাড়াবে। জাতীয় শিল্প নীতিমালা ২০২২ ও এসডিজি লক্ষ্য ১২ (টেকসই ব্যবহার এবং উৎপাদন) অনুসারে, টেকসই শিল্প বিকাশে পরিবেশবান্ধব প্রযুক্তি ও পুনর্ব্যবহারযোগ্য উৎপাদন ব্যবস্থা প্রণোদিত করা অপরিহার্য। বর্তমান পরিস্থিতিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে দেশের এসএমই খাতকে রক্ষা করতে আন্তর্জাতিক অঙ্গনে প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে এই উদ্যোগ অপরিহার্য। এই কৌশলটির লক্ষ্য হলো এসএমইদের পরিবেশবান্ধব প্রযুক্তি গ্রহণে উৎসাহিত করা, যা দীর্ঘমেয়াদে অর্থনৈতিক এবং পরিবেশগত স্থিতিশীলতা নিশ্চিত করবে।

বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা একটি দেশ। এসএমই খাতে পরিবেশবান্ধব প্রযুক্তি ও টেকসই উৎপাদন ব্যবস্থা এখনো পুরোপুরি গড়ে ওঠেনি। টেকসই উন্নয়নের জন্য সরকার, বেসরকারি খাত এবং আন্তর্জাতিক অংশীদারদের মধ্যে সমন্বয় জরুরি। বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা করছে। এসএমই খাতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার এবং টেকসই ব্যবসায়িক মডেল গ্রহণের প্রয়োজনীয়তা দিন দিন বাড়ছে।

৪.৯.১ টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে পরিবেশবান্ধব শিল্প ব্যবস্থাপনায় এসএমইদের সচেতনতা বৃদ্ধির পাশাপাশি সক্ষমতা বৃদ্ধি করা হবে।

৪.৯.২ শিল্প বর্জ্য ব্যবস্থাপনা এবং বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ (Recycling) এর ক্ষেত্রে এসএমইদের বৃহৎ শিল্পের সাথে সংযুক্ত করে দেয়া হবে।

৪.৯.৩ পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠা ও শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় এসএমইদের সক্ষমতা উন্নয়নে নিম্নের কর্মকৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবেঃ

**কর্মকৌশলসমূহঃ**

৪.৯.৩.১ পরিবেশবান্ধব শিল্প প্রতিষ্ঠায় উৎসাহ প্রদান এবং সচেতনতা বৃদ্ধি;

৪.৯.৩.২ পরিবেশবান্ধব ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠায় প্রণোদনা প্রদান এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;

৪. ৯.৩.৩ সার্কুলার ইকনোমি (Circular Economy) সম্প্রসারণের অংশ হিসেবে বর্জ্যভিত্তিক শিল্প গড়ে তোলা

৪. ৯.৩.৪ পরিবেশবান্ধব শিল্প প্রযুক্তির উন্নয়ন এবং ব্যবহার বৃদ্ধি;

৪. ৯.৩.৫ বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প প্রতিষ্ঠায় এসএমইদের সহায়তা অর্থাৎ আর্থিক প্রণোদনা প্রদান;

৪. ৯.৩.৬ শিল্প প্রতিষ্ঠার ক্ষেত্রে Climate Vulnarability Index বিষয়ে সচেতনা বৃদ্ধি।;

৪.৯.৩.৭ এসএমইসমূহে নিয়োজিত শ্রমিকদের জন্যে নিরাপদ ও শোভন কর্মপরিবেশ (Decent Work Environment) সৃষ্টিতে সচেতনা বৃদ্ধি এবং শ্রমিকদের বিষয়ভিত্তিক দক্ষতা উন্নয়নে নানামুখী পদক্ষেপ গ্রহণ করা;

৪. ৯.৩.৮ গ্রিন এসএমই তথ্য ভান্ডার প্রতিষ্ঠা;

**৪.১০ অপ্রাতিষ্ঠানিক এমএসএমইর প্রাতিষ্ঠানিকরণ ও উন্নয়নের মূলধারায় অন্তর্ভুক্তিকরণ**

অপ্রাতিষ্ঠানিক মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এমএসএমই) খাতের প্রাতিষ্ঠানিকীকরণ দেশের অর্থনৈতিক উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই খাতটি জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও প্রাতিষ্ঠানিক কাঠামোর অভাবে প্রণোদনা, অর্থায়ন, প্রযুক্তিগত সহায়তা এবং বাজার সংযোগের মতো সুবিধা থেকে পিছিয়ে রয়েছে। এই খাতের প্রাতিষ্ঠানিকীকরণ নিশ্চিত করলে তারা সহজে সরকারি প্রণোদনা, কর সুবিধা, আর্থিক সহায়তা এবং আন্তর্জাতিক বাণিজ্য চক্রে প্রবেশাধিকার পাবে। এই কৌশলের মূল লক্ষ্য হলো অপ্রাতিষ্ঠানিক খাতে বিদ্যমান সমস্যা ও বাধাগুলো চিহ্নিত করে একটি অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই ব্যবস্থা গড়ে তোলা যা তাদের প্রাতিষ্ঠানিকরণ ও উন্নয়নের মূলধারায় অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করবে।

বাংলাদেশে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের (এমএসএমই) একটি বিশাল অংশ অপ্রাতিষ্ঠানিক অর্থনীতির অন্তর্ভুক্ত। অপ্রাতিষ্ঠানিক কাঠামো, জটিল রেজিস্ট্রেশন প্রক্রিয়া, আর্থিক সহযোগিতার সীমাবদ্ধতা এবং প্রযুক্তির অভাব তাদের উন্নয়নের পথে বাধা সৃষ্টি করে। তারা সরকারি নীতি, ঋণ সুবিধা বা প্রযুক্তিগত সহায়তা পায় না। মূলধারায় নিয়ে আসা হলে এই খাতটি আরও কার্যকর হবে এবং টেকসই প্রবৃদ্ধি এবং রাজস্ব বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

৪.১০.১. অপ্রাতিষ্ঠানিক এমএসএমইদের সহজ এবং কার্যকর প্রক্রিয়ায় প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় নিয়ে আসা।

৪.১০.২. আর্থিক সহায়তা ও প্রণোদনা নিশ্চিত করা।

৪.১০.৩. প্রযুক্তি ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে তাদের প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধি।

৪.১০.৪. স্থানীয় এবং আন্তর্জাতিক বাজার সংযোগ ও প্রতিযোগিতায় সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হবে এবং এসএমইদের সক্ষমতা উন্নয়নে নিম্নের কর্মকৌশলসমূহ পরিপালনের ব্যবস্থা গ্রহণ করা হবেঃ

**কর্মকৌশলসমূহঃ**

৪.১০.৪.১ প্রাতিষ্ঠানিকীকরণের সচেতনতা বৃদ্ধি
৪.১০.৪.২ অপ্রাতিষ্ঠানিক এমএসএমই খাতের প্রাতিষ্ঠানিকরণ
৪.১০.৪.৩ আনুষ্ঠানিকীকরণ প্রক্রিয়া সহজীকরণ
৪.১০.৪.৪ নীতি সহায়তা
৪.১০.৪.৫ ডিজিটাল প্রযুক্তি প্রবাহ
৪.১০.৪.৬ প্রশিক্ষণ ও উন্নয়ন কর্মসূচি

## অধ্যায় ৫
## কৌশল বাস্তবায়ন: মুখ্য প্রতিষ্ঠানসমূহের ভূমিকা

৫.১ 'জাতীয় এসএমই নীতি-২০২৫' এর প্রণয়ন ও বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, বেসরকারি সংস্থা, উন্নয়ন অংশীদার ও এনজিওসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর সফল বাস্তবায়নের জন্য কার্যকর সমন্বয় এবং দায়িত্ব বণ্টন নিশ্চিত করতে সরকার এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভূমিকা সুনির্দিষ্টভাবে নির্ধারণ করা প্রয়োজন।

৫.২ সরকারের ভূমিকা

৫.২.১ সহায়ক পরিবেশ সৃষ্টি: এসএমই খাতের উন্নয়ন ও বিকাশে সহায়ক অনুকূল পরিবেশ সৃষ্টি এবং এসএমই উন্নয়নে অত্যাবশ্যক অবকাঠামোগত সুবিধাদি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে সরকার কর্তৃক প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে।

৫.২.২ অর্থায়ন সহজলভ্য করা: এসএমই খাতে প্রাতিষ্ঠানিক অর্থায়ন সুবিধা প্রাপ্তির সুযোগ বৃদ্ধি করার জন্য সরকার বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক এবং এসএমইএফের মাধ্যমে ঋণ প্রবাহ বৃদ্ধি, ঋণের ঝুঁকি হ্রাস ও ঋণ লেনদেন ব্যয় কমানোর পদক্ষেপ গ্রহণ করবে।

৫.২.৩ প্রশিক্ষণ ও অ-আর্থিক সেবা সম্প্রসারণ: বেসরকারি খাতের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে সরকার এসএমই খাতে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণের পাশাপাশি সম্প্রসারিত অ-আর্থিক ব্যবসা উন্নয়ন সেবা কার্যক্রম পরিচালনার সুযোগ সৃষ্টি করবে।

৫.২.৪ উন্নয়ন তহবিল বরাদ্দ: 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এ অন্তর্ভুক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী প্রধান এবং গুরুত্বপূর্ণ সংস্থাসমূহের অনুকূলে এসএমই উন্নয়ন তহবিল বরাদ্দ দেওয়া হবে।

৫.২.৫ নেতৃত্ব প্রদান ও আন্তর্জাতিক প্রচারণা: উপরিল্লিখিত কার্যক্রমের মাধ্যমে সরকার এ নীতিমালার বাস্তব রূপ দেওয়ার ক্ষেত্রে নেতৃত্ব দিবে এবং এসএমই উন্নয়নে সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের অংশীজনদের কাছে এসএমই উন্নয়ন কার্যক্রম তুলে ধরার প্রচেষ্টা অব্যাহত রাখবে।

**৫.৩ শিল্প মন্ত্রণালয়ের পরিবীক্ষণের ভূমিকা**

৫.৩.১ পরিবীক্ষণ ও মূল্যায়ন: 'জাতীয় এসএমই নীতি-২০২৫' এর কৌশলসমূহ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের সার্বিক দায়িত্ব শিল্প মন্ত্রণালয়ের ওপর ন্যস্ত থাকবে।

৫.৩.২ তথ্য ভান্ডার (ডাটাবেইজ) প্রতিষ্ঠা: শিল্প মন্ত্রণালয় একটি এসএমই শিল্প সংক্রান্ত তথ্য ভান্ডার প্রতিষ্ঠা করবে। এ তথ্য ব্যাংক গবেষণা ও তথ্য কেন্দ্র হিসেবে কাজ করবে এবং প্রধান অংশীজনদের সাথে সংযুক্ত থাকবে। শিল্প মন্ত্রণালয় এসএমই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কর্মকাণ্ডে সমন্বয় সাধন করবে।

**৫.৪ বিসিক ও এসএমই ফাউন্ডেশন: বাস্তবায়নকারী সংস্থা**

৫.৪.১ কৌশলগত বাস্তবায়ন: 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এ বর্ণিত কৌশলগত লক্ষ্যসমূহ ও কর্মপরিকল্পনা সার্বিক বাস্তবায়নের দায়িত্ব বিসিক এবং এসএমই ফাউন্ডেশনের উপর ন্যস্ত থাকবে।

৫.৪.২ বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুতি: বিসিক নিজস্ব কৌশলগত কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক শিল্প মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করে সহযোগী বাস্তবায়নকারী সংস্থার সমন্বয়ে বাস্তবায়ন করবে। এসএমই ফাউন্ডেশন নিজস্ব কৌশলগত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক শিল্প মন্ত্রণালয়কে অবহিত করে সহযোগী বাস্তবায়নকারী সংস্থার সমন্বয়ে বাস্তবায়ন করবে।

৫.৪.৩ অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন: শিল্প মন্ত্রণালয় নিয়মিতভাবে বিসিক ও এসএমই ফাউন্ডেশন কর্মপরিকল্পনা/কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও কার্যকারিতা পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে এবং প্রয়োজনীয় সরকারি আর্থিক ও অন্যান্য সহযোগিতার ব্যবস্থা করবে।

**৫.৫ অন্যান্য সংস্থার সাথে সমন্বয়**

৫.৫.১ এসএমই খাতের বিকাশ ও উন্নয়ন ত্বরান্বিত ও বেগবান করার জন্য বিসিক এবং এসএমই ফাউন্ডেশন কার্যকর সহযোগিতামূলক পরিবেশ সৃষ্টি করবে। কাজের ক্ষেত্রে অধিক্রম বা একই কাজের যুগপৎ সংঘটন এড়াতে ও ব্যয় কমাতে অন্যান্য সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান যেমনঃ বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), ইনভেস্টমেন্ট প্রমোশন এজেন্সি (আইপিএ), বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) ইত্যাদি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করবে।

৫.৫.২ এসএমই উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান যেমনঃ ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ন্যাশনাল এ্যাসোসিয়েশন অব স্মল অ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ (নাসিব), বাংলাদেশ এগ্রো প্রসেসিং এসোসিয়েশন (বাপা), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই), ঢাকা চেম্বার অব কর্মাস অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই), চিটাগাং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (সিসিসিআই), বাংলাক্রাফট, বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড), উইমেন অন্ট্রপ্রনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডব্লিউইএবি), চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (সিডব্লিউসিসিআই) এবং সংশ্লিষ্ট অন্যান্য অ্যাসোসিয়েশন ও চেম্বারসমূহের সাথে কার্যকর সহযোগিতামূলক কার্যক্রম নিশ্চিত করা হবে।

## অধ্যায় ৬

# নীতি কৌশল পরিবীক্ষণ ও মূল্যায়ন

৬.১ এসএমই খাতের উন্নয়নকে বেগবান করার নিমিত্ত 'জাতীয় এসএমই নীতি-২০২৫' বাস্তবায়নের লক্ষ্যে দুইটি গুরুত্বপূর্ণ নীতি নির্ধারণী ও কার্যকরী কমিটি গঠন করা হবে যেমনঃ ১. জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ এবং ২. জাতীয় এসএমই টাস্কফোর্স। এছাড়া, একটি কারিগরি কমিটি এবং বিষয়ভিত্তিক কয়েকটি ওয়ার্কিং কমিটি গঠন করা হবে।

**৬.২ জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ**

৬.২.১ এসএমই খাতের উন্নয়নে সরকারের অঙ্গীকার বাস্তবায়নে সর্বোচ্চ নীতি নির্ধারণী কমিটি হচ্ছে জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ (এনএসডিসি)।

৬.২.২ এ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন মাননীয় শিল্পমন্ত্রী/উপদেষ্টা এবং পরিষদ নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত হবে।

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী/উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |

| | | |
|---|---|---|
| ২. | প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩. | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৪. | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সচিব, প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয় | |
| ৬. | সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, | সদস্য |
| ৭. | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | সদস্য |
| ১৬. | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৭. | সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৮. | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৯. | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ২০. | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ২১. | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ২২. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ২৩. | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ২৪. | সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ২৫. | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ২৬. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ২৭. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ২৮. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ২৯. | চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ৩০. | চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | সদস্য |
| ৩১. | চেয়ারম্যান, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ৩২. | চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন | সদস্য |
| ৩৩. | চেয়ারম্যান, বিসিক | সদস্য |
| ৩৪. | মহাপরিচালক, বিটাক | সদস্য |
| ৩৫. | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ৩৬. | বেসরকারি খাতের ৫ জন প্রতিনিধি (সভাপতি, এফবিসিসিআই; সভাপতি, নাসিব এবং অপর ৩ জন শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৭. | সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৬.২.৩ শিল্প মন্ত্রণালয়ের এসএমই অধিশাখা জাতীয় এসএমই উন্নয়ন পরিষদ (এনএসডিসি) এর সচিবালয় হিসেবে কাজ করবে। প্রতি ছয় মাসে একবার এনএসডিসির সভা অনুষ্ঠিত হবে।

৬.২.৪ এনএসডিসির প্রধান লক্ষ্য হলো এসএমই উন্নয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহকে কৌশলগত নীতি নির্দেশনা প্রদান করার পাশপাশি নীতি কাঠামোর ব্যবস্থা করা এবং এসএমই খাতের সামগ্রিক ও সমন্বিত উন্নয়ন নিশ্চিত করা।

৬.২.৫ পরিষদ প্রয়োজনে উপযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গকে সদস্য হিসেবে সহযোজন (Co-opt) করতে পারবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

**৬.২.৬ এনএসডিসির কর্মপরিধি**

৬.২.৬.১ সকল খাতে এসএমই'র সার্বিক উন্নয়নে সহায়তাকল্পে এসএমই টাস্কফোর্স কর্তৃক প্রণীত নীতি ও কৌশলসমূহের পর্যালোচনা ও অনুমোদন দেয়া;

৬.২.৬.২ কর্মপরিকল্পনা বা গৃহীত পদক্ষেপসমূহের অধিকতর সুষ্ঠু বাস্তবায়নের জন্য এসএমই টাস্কফোর্সের ভূমিকা ও দায়িত্ব পর্যালোচনা করা;

৬.২.৬.৩ এসএমই উন্নয়ন সংক্রান্ত নীতি ও কর্মপরিকল্পনাসমূহের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে শিল্প মন্ত্রণালয় এবং সরকারি-বেসরকারি সংস্থাসমূহের মধ্যে সহযোগিতা বৃদ্ধি;

৬.২.৬.৪ ইকোনমি অব স্কেল ও অপারেশনের ক্ষেত্রে দক্ষতা অর্জনের নিমিত্ত সকল এসএমই উন্নয়ন কর্মকাণ্ডকে পুনর্গঠন ও সংহত করার জন্য আবশ্যকীয় প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক মেকানিজম প্রতিষ্ঠা করা; এবং

৬.২.৬.৫ দেশের এসএমই উন্নয়নে প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য দায়িত্বশীল একটি একক প্রতিষ্ঠান বা সংস্থার পৃষ্ঠপোষকতা ও সহায়তায় এসএমই উন্নয়ন ও তৎসম্পর্কিত সকল কর্মকাণ্ডের জন্য তহবিল বরাদ্দ দেয়ার বিষয়ে কৌশল নির্ধারণ।

## ৬.৩ জাতীয় এসএমই টাস্কফোর্স

৬.৩.১ 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এ প্রস্তাবিত উদ্যোগসমূহের অগ্রাধিকার নির্ধারণ ও কর্মপরিকল্পনা পর্যালোচনা করার কার্যকরী কমিটি হচ্ছে জাতীয় এসএমই টাস্কফোর্স।

৬.৩.২ এসএমই টাস্কফোর্সের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন শিল্প মন্ত্রণালযের সিনিয়র সচিব/সচিব এবং টাস্কফোর্স নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত হবে।

| | | |
|---|---|---|
| ১. | সচিব, শিল্প মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | নির্বাহী পরিচালক (এসএমই), বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৩. | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) | সদস্য |
| ৪. | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন | সদস্য |
| ৫. | মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) | সদস্য |
| ৬. | সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ৭. | সদস্য, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | সদস্য |
| ৮. | সদস্য, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) | সদস্য |
| ৯. | সদস্য, বিসিএসআইআর | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বিটাক | সদস্য |
| ১১. | মহাপরিচালক, ডিপিডিটি | সদস্য |
| ১২. | বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৩. | অর্থ বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৪. | আইসিটি বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৫. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৬. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৭. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৮. | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব পর্যায়ের) | সদস্য |
| ১৯. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/পরিচালক পর্যায়ের) | সদস্য |
| ২০. | মহাপরিচালক, এনপিও | সদস্য |
| ২১. | প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | সদস্য |
| ২২. | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য |
| ২৩. | বেসরকারি খাতের ৬ জন প্রতিনিধি (সভাপতি, নাসিব; সভাপতি, বাংলাক্রাফ্ট এবং অপর ৪ জন বিভিন্ন ব্যবসা সংগঠন, শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের মধ্যে থেকে শিল্প মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৪. | যুগ্মসচিব, এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৬.৩.৩ এসএমই টাস্কর্ফোসের সচিবালয় হিসেবে কাজ করবে শিল্প মন্ত্রণালয়ের এসএমই অধিশাখা। প্রতি তিন মাস অন্তর টাস্কর্ফোসের সভা অনুষ্ঠিত হবে।

৬.৩.৪ এসএমই খাতের বর্তমান ও ভবিষ্যৎ প্রয়োজন বিষয়ে অনুসন্ধান এবং প্রতি পাঁচ বছর অন্তর এসএমই নীতিমালা হালনাগাদকরণের দায়িত্ব টাস্কফোর্সের ওপর ন্যস্ত থাকবে। অধিকন্তু, এসএমই নীতিমালা বাস্তবায়ন পর্যালোচনা ও পুনর্মূল্যায়ন করার জন্য এ খাতের ধারাবাহিক উন্নয়নের লক্ষ্যে বিদ্যমান পদক্ষেপসমূহকে কীভাবে সমন্বয় বা খাপ খাওয়ানো হবে সে বিষয়েও সিদ্ধান্ত নিবে টাস্কফোর্স।

৬.৩.৫ টাস্কফোর্স প্রয়োজনীয় ব্যক্তি বা সংস্থা প্রধানকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে বা সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

৬.৩.৬ এসএমই টাস্কফোর্সের কর্মপরিধি

৬.৩.৬.১ ওয়ার্কিং কমিটিসমূহ প্রদত্ত সুপারিশসমূহ পর্যালোচনা করা। সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং এসএমই কর্মপরিকল্পনার ভিত্তিতে এনএসডিসিকে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান;

৬.৩.৬.২ শিল্প মন্ত্রণালয়, বিসিক, বাংলাদেশ ব্যাংক, এসএমই ফাউন্ডেশন ও অন্যান্য সম্পর্কিত সংস্থাসমূহের আওতাধীন কর্মকাণ্ড পর্যালোচনা ও পুনর্মূল্যায়ন;

৬.৩.৬.৩ এসএমই তথ্যভান্ডার ও শুমারীর অগ্রগতি ছাড়াও বাংলাদেশের অর্থনীতিতে এসএমই খাতের অবদান পর্যালোচনা;

৬.৩.৬.৪ এসএমই নীতি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সংস্কারের সুপারিশ এবং এসএমই খাতের উন্নয়নের জন্য প্রয়োজনীয় তহবিল ও বাজেট বরাদ্দের উৎসসমূহ চিহ্নিতকরণ;

৬.৩.৬.৫ অংশীজদের মধ্যে সমন্বয় বিধানের মাধ্যম হিসেবে কাজ করা এবং অংশীজনদের মধ্যেকার বিরাজমান মতপার্থক্য বা বিভেদ নিরসন করা; এবং

৬.৩.৬.৬ এসএমই উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান থেকে একজন করে এসএমই ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হবে যারা এসএমই সম্পর্কিত সকল তথ্য সরবরাহ করবে।

### ৬.৪ ওয়ার্কিং কমিটিসমূহ

৬.৪.১ এসএমই খাতের জন্য চিহ্নিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর কয়েকটি ওয়ার্কিং কমিটি গঠন করা হবে। এসএমই টাস্কফোর্সের সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে ওয়ার্কিং কমিটিসমূহের সদস্য নির্ধারণ করা হবে।

৬.৪.২ ওয়ার্কিং কমিটিসমূহের মধ্যে অন্যতম হলোঃ ব্যবসা পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি; এসএমই অর্থায়ন সংক্রান্ত কমিটি; এসএমই দক্ষতা উন্নয়ন কমিটি, আইসিটি ও প্রযুক্তি উন্নয়ন সংক্রান্ত কমিটি; এসএমই পণ্য বাজারজাতকরণ সংক্রান্ত কমিটি; নারী উদ্যোক্তা উন্নয়ন সংক্রান্ত কমিটি এবং পলিসি অ্যাডভোকেসি, গবেষণা ও এসএমই **তথ্য ভান্ডার/ডেটাবেইজ** সংক্রান্ত কমিটি।

### ৬.৫ কারিগরি কমিটি

৬.৫.১ শিল্প মন্ত্রণালয়ের এসএমই অধিশাখার দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত সচিবের নেতৃত্বে বিষয়ভিত্তিক পর্যালোচনা ও সুনির্দিষ্ট প্রস্তাব/সুপারিশ প্রণয়নের জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক এক বা একাধিক কারিগরি কমিটি গঠন করা হবে।

## অধ্যায় ৭
## সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

৭.১ 'জাতীয় এসএমই নীতি-২০২৫'-এর রূপকল্প, মিশন, লক্ষ্য এবং উদ্দেশের ভিত্তিতে জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ পর্যন্ত সময়কালকে উক্ত নীতির বাস্তবায়নকাল হিসেবে নির্ধারণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা এই নীতিমালায় বর্ণিত কমকৌশলসমূহ বাস্তবায়নে সহায়ক হিসেবে কাজ করবে।

৭.২ এ নীতিমালায় জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানসমূহের শক্তিশালীকরণের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। নীতিমালায় অন্তর্ভুক্ত কর্মপরিকল্পনাধীন সকল কর্মকাণ্ড পরিবীক্ষণের পাশাপাশি এগুলো মূল্যায়ন করা হবে। এতে বাস্তবায়নে কোনো ব্যর্থতা বা দীর্ঘসূত্রতা থাকলে তা আগেই চিহ্নিত করে সংশোধনমূলক ব্যবস্থা নেয়া যাবে।

৭.৩ কৌশলসমূহের সার্বিক বাস্তবায়ন তদারক করবে শিল্প মন্ত্রণালয়। কর্মপরিকল্পনায় এগারোটি কৌশলগত লক্ষ্যের প্রতিটির আওতায় গৃহীতব্য কর্মকৌশল বিধৃত হয়েছে। প্রতিটি কর্মকৌশলের জন্য কয়েকটি প্রধান বাস্তবায়নকারী সংস্থা ছাড়াও সহযোগী বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা চিহ্নিত করা হয়েছে।

৭.৪ কর্মকৌশলগুলোর বাস্তবায়ন প্রক্রিয়ায় নানা ধরনের জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা বিবেচনায় নিয়ে কর্মকৌশলসমূহকে স্বল্প মেয়াদি (১ বছরে বাস্তবায়নযোগ্য), মধ্যমেয়াদি (২-৩ বছরে বাস্তবায়নযোগ্য) ও দীর্ঘমেয়াদি (৪-৫ বছরে বাস্তবায়নযোগ্য) এ তিনটি ভাগে বিন্যস্ত করা হয়েছে। কোনো কোনো কর্মকৌশল বাস্তবায়নে ধারাবাহিক প্রক্রিয়া অনুসরণ করা প্রয়োজন হতে পারে বিধায় কিছু কর্মকৌশলকে স্বল্প থেকে মধ্যমেয়াদি এবং কিছু কর্মকৌশলকে স্বল্প থেকে দীর্ঘমেয়াদি স্তরে বিন্যস্ত করা হয়েছে।

## সময়াবদ্ধ কর্মপরিকল্পনার ম্যাট্রিক্স

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| কৌশলগত লক্ষ্য ১: অন্তর্ভুক্তিমূলক এসএমই প্রবৃদ্ধির জন্য নীতি কাঠামো | | | | | | |
| ১. | এসএমই ব্যবসা পরিচালনায় আইনি ও প্রশাসনিক শর্ত সহজীকরণ | ৪.১.৩.১ | • এসএমইদের জন্য তুলনামূলকভাবে বৈধ ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় বিভিন্ন আইনি ও প্রশাসনিক শর্ত যেমন: ব্যবসা নিবন্ধন, লাইসেন্স প্রক্রিয়া ও ক্লিয়ারেন্স শর্তাদি ইত্যাদি সহজ ও নমনীয় করা | স্থানীয় সরকার বিভাগ এবং স্ব স্ব দপ্তর | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বিসিক, শিল্প মন্ত্রণালয় এবং এসএমইএফ |
| | | | • এসএমই উদ্যোক্তাদের নিবন্ধনের ব্যবস্থা থাকা | আরজেএসসি | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বাণিজ্য মন্ত্রণালয় |
| ২. | কর ব্যবস্থা সহজীকরণ ও যৌক্তিকীকরণ | ৪.১.৩.২ | • এসএমই খাতের প্রসারে বাজেটের মাধ্যমে কর প্রণোদনা অব্যাহত রাখা<br>• এসএমইকে পৃথকীকৃত ট্যাক্স (এআইটি, ভ্যাট, ট্যাক্স হলিডে ইত্যাদি) ব্যবস্থার সুবিধা দেওয়া<br>• এসএমই খাতের কর ব্যবস্থা সহজীকরণ ও যৌক্তিকীকরণের লক্ষ্যে বিদ্যমান কর ব্যবস্থা সময়ে সময়ে পর্যালোচনা করা | এনবিআর | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বিসিক, শিল্প মন্ত্রণালয়, এসএমইএফ, অর্থ বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় এবং বিটিটিসি |
| | | | • প্রতিবছর এসএমইএফ কর্তৃক প্রস্তুতকৃত বাজেট প্রস্তাবনা শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে এনবিআর ও অর্থ মন্ত্রণালয়ের কাছে উপস্থাপন করার পাশাপাশি ফলোআপ করা | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমইএফ ও বিসিক |
| ৩. | রপ্তানিমুখী এসএমই খাতকে বিনিয়োগ, রাজস্ব ও অন্যান্য প্রণোদনা প্রদান | ৪.১.৩.৩ | • রপ্তানিমুখী এসএমইদের আর্থিকসহ সকল প্রণোদনায় অগ্রাধিকার প্রদান অব্যাহত রাখা | এনবিআর ও অর্থ বিভাগ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমইএফ, অর্থ বিভাগ, বিসিক, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং বিটিটিসি |
| ৪. | প্রাতিষ্ঠানিক কাঠামোর মধ্যে সমন্বয় জোরদারকরণ | ৪.১.৩.৪ | • এসএমই নীতি কৌশলসমূহ বাস্তবায়নে বিসিক স্থানীয় পর্যায়ে (বিভাগ, জেলা/উপজেলা) এসএমইএফ এর সাথে ফ্যাসিলিটিজ শেয়ার করা | বিসিক ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৬ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| | | | • বিটিআই, বিপিসি ও এসএমইএফ যৌথভাবে প্রশিক্ষণ কর্মসূচি ডিজাইন করবে এবং মডিউল, ফ্যাকাল্টি, লজিস্টিক সাপোর্ট ইত্যাদি শেয়ার করা | বিটিআই, বিপিসি ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | বিসিক ও এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয়, এনএসডিএ ও বাণিজ্য মন্ত্রণালয় |
| | | | • এসএমই ঋণ কর্মসূচি ডিজাইন ও বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংক শিল্প মন্ত্রণালয়, এসএমইএফ ও বিসিককে সম্পৃক্ত করা | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | বিসিক,এসএমইএফ ও এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| ৫. | বিসিক ও এসএমইএফ এর শক্তিশালীকরণ | ৪.১.৩.৫ | • বাংলাদেশ ক্ষুদ্র কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর শক্তিশালীকরণ | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | বিসিক |
| | | | • বিভাগ/জেলায় এসএমইএফ এর কার্যালয় স্থাপনের মাধ্যমে ফাউন্ডেশনের কার্যক্রম সম্প্রসারণ ও শক্তিশালীকরণ | এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | প্রধানমন্ত্রীর কার্যালয়, শিল্প মন্ত্রণালয় |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • এসএমইএফ এর আঞ্চলিক কার্যালয় স্থাপনের জন্য এসএমইএফ এর অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ | | | ও অর্থ বিভাগ |
| ৬. | জাতীয় অর্থনীতিতে এসএমই খাতের অবদানের হালনাগাদ পরিসংখ্যান নিরূপণ | ৪.১.৩.৬ | • প্রতি দশ বছর অন্তর অন্তর বিবিএস কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারীতে এসএমই অংশ অন্তর্ভুক্ত করে অর্থনৈতিক শুমারী পরিচালনা করা | বিবিএস | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৯ | এসএমইএফ, বিসিক, এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| | | | • নিয়মিতভাবে প্রতিবছর এসএমই জরিপ করা<br>• বাৎসরিকভিত্তিতে জিডিপিতে এসএমই খাতের অবদান এবং এসএমই নীতিমালা ২০২৫ এর অনুচ্ছেদ-২.৩ এ নির্ধারিত অর্থবছরভিত্তিক লক্ষ্যমাত্রা পরিমাপ করা | | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | |
| | | | • দেশের মোট রপ্তানিতে এসএমই খাতের অবদান সংকলিত করে প্রকাশ এবং এজন্য রিপোর্টিং সংক্রান্ত গাইডলাইন তৈরি | ইপিবি | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | |
| ৭. | এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন সূচক/পরিসংখ্যানের উন্নয়ন এবং নিয়মিত হালনাগাদকরণ | ৪.১.৩.৭ | • এসএমইএফ গুরুত্বপূর্ণ নির্দেশক বা সূচকসমূহের উপর নিয়মিতভাবে এসএমই পরিসংখ্যান প্রকাশ করবে<br>• এসএমই ফাউন্ডেশন কর্তৃক বাৎসরিক বা অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রধান প্রধান এসএমই সূচক প্রকাশ | বিবিএস ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | ইপিবি, বিসিক এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| ৮. | এসএমই খাতের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা | ৪.১.৩.৮ | • এসএমই সংশ্লিষ্ট বিষয়ে (বিসিক, এসএমই ফাউন্ডেশন, বিবিএস বা অন্য কোন প্রতিষ্ঠান দ্বারা) জরিপ পরিচালনার পাশপাশি গবেষণা সমীক্ষা পরিচালনা | বিসিক এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বিটিটিসি, বিএফটিআই, বিপিসি | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ এবং বিবিএস, বাণিজ্য মন্ত্রণালয় |
| | | | • নারী এসএমই উদ্যোক্তাসহ এসএমই খাতের বিভিন্ন বিষয়ের উপর গবেষণা পরিচালনা | এসএমইএফ, বিসিক, জয়িতা ফাউন্ডেশন এবং বিপিসি | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয়<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৯. | গবেষণার মাধ্যমে এসএমই সংক্রান্ত বিভিন্ন পুস্তক ও ডিরেক্টরি প্রকাশ | ৪.১.৩.৯ | • এসএমই উন্নয়ন বিষয়ে বার্ষিক/দ্বিবার্ষিক ভিত্তিতে আন্তর্জাতিক জার্নাল প্রকাশ<br>• সময়ে সময়ে ব্যবসা সহায়ক সেবা এবং প্রযুক্তি সেবা বিষয়ক বিভিন্ন ডিরেক্টরি প্রকাশ করা | এসএমইএফ এবং বিসিক | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| ১০. | আন্তর্জাতিক এমএসএমই দিবস ও জাতীয় এমএসএমই দিবস যথাযথভাবে উদ্‌যাপন করা | ৪.১.৩.১০ | • UNIDO-এর কার্যক্রমের সাথে সমন্বয় করে প্রতি বছর ২৭ জুন আন্তর্জাতিক এমএসএমই দিবস যথাযথভাবে উদযাপন করা। এই কার্যক্রমে বিভিন্ন মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বিভাগীয় ও জেলা প্রশাসন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, এসএমই অ্যাসোসিয়েশন, এবং উদ্যোক্তাদের সক্রিয় সম্পৃক্ততা নিশ্চিত করা।<br>• একুশ শতকে বাংলাদেশ সরকারের এসএমই খাত উন্নয়নে প্রথম যুগান্তকারী পদক্ষেপ ২০০৪ সালের ১০ ফেব্রুয়ারি জাতীয় এসএমই সংক্রান্ত টাস্কফোর্স প্রতিষ্ঠার দিনকে গুরুত্ব দিয়ে ১০ ফেব্রুয়ারিকে জাতীয় এমএসএমই দিবস হিসেবে ঘোষণা করা।<br>• প্রতি বছর ১০ ফেব্রুয়ারি জাতীয় এমএসএমই দিবস যথাযোগ্য মর্যাদা, উদ্ভাবনী কর্মসূচি এবং জনসচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে উদযাপন করা। এই উদ্যোগ বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বিভাগীয় ও জেলা প্রশাসন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, এসএমই অ্যাসোসিয়েশন এবং উদ্যোক্তাদের সক্রিয় অংশগ্রহণ ও সমন্বয় নিশ্চিত করা। | এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বিসিক, বিভাগীয় ও জেলা প্রশাসন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, এসএমই অ্যাসোসিয়েশন |
| [illegible] | | | | | | |
| ১১. | উপযুক্ত ব্যবসা প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন | ৪.২.৩.১ | • জরিপ পরিচালনা ও স্টেকহোল্ডার পরামর্শের মাধ্যমে খাতভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির চাহিদা নিরূপণ করা<br>• আগামী ৫ বছরের প্রশিক্ষণ কর্মসূচি বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা তৈরি করা হবে এবং এসএমইএফ বিসিকের সহায়তায় আউটরীচ প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা | বিসিক, এনপিও, এনএসডিএ এবং এসএমইএফ, এসডিএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, আইএসসিসমূহ, ব্যবসা সংগঠন, এসডিএফ, নাসিব ও বাংলাক্রাফট |
| ১২. | স্ট্যান্ডারডাইজড প্রশিক্ষণ মডিউল ও কারিকুলাম তৈরি | ৪.২.৩.২ | • স্ট্যান্ডার্ড/ইউনিফর্ম প্রশিক্ষণ কারিকুলাম তৈরি করা (এ ক্ষেত্রে বিএমইটি ও বিটিইবি কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড অনুসরণ করা যেতে পারে)<br>• গবেষণাভিত্তিক প্রশিক্ষণ মডিউলসমূহ তৈরী করা<br>• ট্রেনিং নিডস অ্যাসেসমেন্ট এর ভিত্তিতে প্রশিক্ষণ মডিউলসমূহ প্রণয়ন করা | এনএসডিএ ও শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৬ | বিআইএম, এনপিও, এসএমইএফ, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্যবসা সংগঠন ও নাসিব |
| ১৩. | প্রশিক্ষণ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সামর্থ্য ও কর্মক্ষমতা বৃদ্ধি | ৪.২.৩.৩ | • সরকার ও স্ব স্ব প্রতিষ্ঠান/সংগঠন কর্তৃক এসএমইএফ, বিটিআই, বিআইএম, টিভিইটি, বিএফটিআই, বিজিএমইএ ফ্যাশন টেকনোলজি ইনস্টিটিউট, আইসিটি ইনস্টিটিউট ও স্কিল ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, ব্যবসা সংগঠন, সেক্টর সম্পর্কিত ইনস্টিটিউটের প্রশিক্ষণ সক্ষমতা | এনএসডিএ ও শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ, এনপিও, বিটিআই, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, ইউসেপ ও |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | বৃদ্ধির উদ্যোগ নেওয়া<br>● বিশেষায়িত এ প্রতিস্থানসমূহে রিসার্চ-অ্যানালাইসিস এবং প্রকাশনা উইং/শাখা প্রতিষ্ঠা<br>● অন দ্যা জব ট্রেনিং এবং ফিল্ড ভিজিটের ব্যবস্থা রাখা<br>● এসএমইসমূহের সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের সকল স্তরের স্টেক হোল্ডারদের এ কার্যক্রমের অন্তর্ভুক্ত করা<br>● মেন্টরিং/কোচিং | | | ট্রেডবডিজ |
| | | | ● অধিকতর প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নমূলক কর্মসূচি আয়োজনে এসএমই ফাউন্ডেশন, বিটিআই, এনপিও ও অন্যান্য ইনস্টিটিউটকে বাজেট বরাদ্দ<br>● এসএসই ও উদ্যোক্তা বান্ধব পাঠ্যক্রম প্রণয়ন করা এবং পাঠ্যক্রমের অংশ হিসেবে শিল্প প্রতিষ্ঠান/ প্রশিক্ষণ প্রতিষ্ঠান পরিদর্শনের ব্যবস্থা রাখা<br>● সংশ্লিষ্ট পতিষ্ঠানসমূহে প্রোডাক্টিভিটি ইমপ্রুভমেন্ট সেল স্থাপন (যা টিভিসি কমানোর বিষয়ে কাজ করবে) | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ, বিটিআই, বিআইএম, এনপিও, বিসিক ও ট্রেডবডিজ |
| ১৪. | প্রশিক্ষণ কর্মসূচি বিষয়ক স্টিয়ারিং কমিটি গঠন | ৪.২.৩.৪ | ● এনএসডিএ এর গাইডলাইনের আলোকে প্রশিক্ষণ কারিকুলাম ও কর্মসূচির সমন্বয় সাধন ও তদারকি করার লক্ষ্যে অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়ের নেতৃত্বে স্টিয়ারিং কমিটি গঠন | এনএসডিএ, টিএমইডি, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৬ | বিসিক, এসএমইএফ বিআইএম, বিএমইটি, বিটিইবি, ব্যবসা সংগঠন ও সংস্থা এবং এনপিও |
| ১৫. | অনলাইন ট্রেনিং কনটেন্ট তৈরি ও ব্যবস্থাপনা | ৪.২.৩.৫ | ● এসএমই ওয়েবসাইটের মাধ্যমে প্রশিক্ষণের বিষয়বস্তু অনলাইনে দেওয়ার ব্যবস্থা<br>● এসএমই সেক্টরের বেস্ট প্রাকটিসসমূহের একটি ডেটাবেজ/ক্লাউড তৈরী এবং তা শেয়ারের ব্যবস্থা করা<br>● দূরশিক্ষণ কর্মসূচি তৈরি ও তা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ | আইসিটি বিভাগ | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ, শিল্প মন্ত্রণালয়, বেসিস ও নাসিব |
| ১৬. | প্রশিক্ষণ কর্মসূচির মূল্যায়ন | ৪.২.৩.৬ | ● নিরপেক্ষ স্বাধীন মূল্যায়নকারী নিয়োগের মাধ্যমে এসএমইএফ, বিআইএম ও স্কিটি কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ কর্মসূচিসমূহের প্রভাব মূল্যায়ন করা হবে এবং প্রতি ৩ বছর অন্তর এ মূল্যায়ন কার্যক্রম গ্রহণ<br>● প্রশিক্ষণার্থীদের দ্বারা প্রতিটি প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষণপূর্ব ও প্রশিক্ষণান্তর মূল্যায়নের ব্যবস্থা<br>● দক্ষতা প্রশিক্ষণসমূহের ফলোআপ ও মনিটরিং এর ব্যবস্থা রাখা | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বিসিক, এনপিও, এসএমইএফ, এনএসডিএ, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্যবসা সংগঠন |
| ১৭. | এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের তথ্যভাণ্ডার তৈরি | ৪.২.৩.৭ | ● এসএমই সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের একটি ডিজিটাল তথ্যভাণ্ডার তৈরি করা এবং তা এসএমই ওয়েবসাইটে প্রকাশ | এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৬ | বিআইএম, এসএমইএফ, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্র্যাক, ব্যবসা সংগঠন/সংস্থা, যুব |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী মন্ত্রণালয় |
|---|---|---|---|---|---|---|
| ১৮. | প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে কার্যকর পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি | ৪.২.৩.৮ | • এসএমই খাতের জন্য প্রণীত প্রশিক্ষণ কারিকুলাম ও কর্মসূচি বিষয়ে এসএমইএফ, স্কিটি, বিআইএম ও অন্যান্য ইনস্টিটিউটের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি | ইন্ডাস্ট্রি স্কিল কাউন্সিলসমূহ, এসএমইফ, বিসিক এবং এনএসডিএ | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | শিল্প মন্ত্রণালয়, বিটিইবি, ব্র্যাক, নাসিব এবং ব্যবসা সংগঠন/সংস্থা |
| ১৯. | নতুন উদ্যোক্তা ও ব্যবসা-উদ্যোগ উন্নয়ন কর্মসূচি পরিচালনা করা | ৪.২.৩.৯ | • শিক্ষণ ও প্রশিক্ষণ অন্যান্য কর্মসূচির মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নের সহায়ক মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গীর প্রসার<br>• বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণ শিক্ষায় উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক কর্মসূচি প্রবর্তন<br>• নির্বাচিত টার্গেট গ্রুপ/সেক্টরের ( যেমন বিদ্যালয় ত্যাগকারী) জন্য উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি গ্রহণে সহায়তা প্রদান<br>• ব্যবসা-উদ্যোগ ও উদ্যোক্তা উন্নয়নে সহায়তাকল্পে প্রকল্প/কর্মসূচি গ্রহণ<br>• বিদ্যালয়, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে উদ্যোক্তা শিক্ষণের আলোকে বিদ্যমান কারিকুলাম মূল্যায়ন করা<br>• বিপন্ন/ বিলুপ্তপ্রায় শিল্পসমূহকে বিশেষ প্রণোদণার আওতায় এনে এগুলোকে প্রাতিষ্ঠানিকীকরণ, ডকুমেন্টশন ও রেপ্লিকেশনের ব্যবস্থা গ্রহণ<br>• উদ্ভাবন/দক্ষতার বিকাশ উপযোগি কর্ম পরিবেশ নিশ্চিতকরণ<br>• সরকারি ক্রয় কার্যক্রমে এসএমই দের জন্য বিশেষ প্রণোদনা ব্যবস্থা রাখা | এনএসডিএ, বিসিক, বিটিইবি, এবং এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বিআইএম, বিসিক, বিএমইটি, এসডিএফ, ব্র্যাক, নাসিব এবং ব্যবসা সংগঠন/সংস্থা |
| ২০. | সেবাখাতের এসএমইসমূহকে শক্তিশালীকরণ | ৪.২.৩.১০ | • সেবাখাতের এসএমইসমূহে নিয়োজিত ব্যক্তিদের প্রয়োজনীয় প্রশিক্ষণের বিষয়ে জোর দেওয়া<br>• প্রাথমিক শিক্ষার পাঠ্যক্রমে এ খাতের সফলতার গল্পসমূহ উপস্থাপন করা। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, এনএসডিএ, বিসিক, বিটিইবি, এবং এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, এসএমইএফ, বিআইএম, বিসিক, বিএমইটি, বিটিইবি, ব্র্যাক, নাসিব, এনপিও এবং ব্যবসা সংগঠন/সংস্থা |
| ২১. | ইনোভেশনের বিকাশ | ৪.২.৩.১১ | • এসএমই ইনোভেশন ল্যাব স্থাপন (ইনকিউবেশন, লাইসেন্স প্রদানের ব্যস্থা রাখা, প্রোডাক্ট ফেয়ার, প্রদর্শনী)<br>• এসএমই ইনোভেশন খাতে ব্রেইন ড্রেন প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ<br>• ইনোভেশন রেজিস্টার সংরক্ষণের ব্যবস্থা চালু করা<br>• ইনোভেশন তহবিল ও অ্যাওয়ার্ড এর প্রচলন | | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | |
| কৌশলগত লক্ষ্য ৩ বাজার সম্প্রসারণ এবং প্রতিযোগিতা সক্ষম[illegible] | | | | | | |
| ২২. | রপ্তানি বাজারে এসএমই পণ্য প্রবেশের সুযোগ বৃদ্ধি | ৪.৩.৩.১ | • সুবিধাজনক ও উপযুক্ত বাজারে এসএমই পণ্য প্রবেশের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে রপ্তানি বাজার গবেষণা কার্যক্রম গ্রহণ ও সরকারি তহবিল | ইপিবি, বিসিক ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | পররাষ্ট্র মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, অর্থ বিভাগ, |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | বরাদ্দ | | | এফবিসিসিআই, এবং অন্যান্য ব্যবসায়ী সংগঠনসমূহ |
| | | | • নতুন উদ্যোক্তাদের জন্য এক্সপোর্ট রেডিনেস প্রোগ্রাম (স্ট্যান্ডার্ড, কোয়ালিটি কমপ্লায়েন্স প্রভৃতি) আয়োজন | ইপিবি ও বিজনেস প্রমোশন কাউন্সিল | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এনএসডিএ, বিসিক, এসএমইএ, বিটিআই |
| | | | • আন্তর্জাতিক বিভিন্ন মেলায় এসএমই উদ্যোক্তাদের অংশগ্রহণে অগ্রাধিকার সহায়তা প্রদান ও হ্রাসকৃত মূল্যে স্টল বরাদ্দের ব্যবস্থা করা<br>• বিদেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাসসমূহের সাথে যোগাযোগের মাধ্যমে এসএমই পণ্য আন্তর্জাতিক বাজারে প্রবেশের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ | ইপিবি ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | পররাষ্ট্র মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বিসিক, ব্যবসা সংগঠন ও সংস্থা |
| | | | • ডিজিটাল এসএমই এক্সপোর্ট প্রোডাক্ট ডাইরেক্টরী তৈরি এবং হালনাগাদকরণ | ইপিবি, এসএমইএফ ও বিসিক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৮ | শিল্প মন্ত্রণালয়, আইসিটি বিভাগ, ব্যবসা সংগঠন ও সংস্থা |
| | | | • প্রোডাক্ট ডেভেলপমেন্ট, ডিজাইন ডেভেলপমেন্ট এবং পণ্য বহুমুখীকরণ বিষয়ক প্যাকেজ কর্মসূচি গ্রহণ এবং এসএমই প্রোডাক্ট ডেভেলপমেন্টের ক্ষেত্রে R&D জোরদারকরণ | বিসিক ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, এনএসডিএ, বিটিআই, বিআইএম, বিটিইবি, ব্যবসা সংগঠন/সংস্থা |
| | | | • এসএমই পণ্য রপ্তানিকারকদের স্বার্থ সংরক্ষণে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় আনা<br>• এসএমই পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রনোদনা প্রদান নিশ্চিতকরণ | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ইপিবি, এসএমইএফ, বিসিক |
| | | | • রপ্তানির ক্ষেত্রে প্রতিটি এসএমই পণ্যের এইচএস কোড নিশ্চিতকরণ।<br>• এসএমইদের জন্য রপ্তানির ক্ষেত্রে কমপ্লায়েন্স (লজিস্টিকসহ) সহজতর করা। | এনবিআর | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | ইপিবি, এসএমইএফ, বিসিক, এফবিসিসিআই, এবং অন্যান্য ব্যবসায়ী সংগঠনসমূহ |
| | | | • সম্ভবনাময় রপ্তানিমুখি এসএমই শিল্পখাতসমুহে বন্ডেড ওয়্যারহাউস সুবিধা প্রদান করার বিষয় বিবেচনা করা | এনবিআর | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | ইপিবি, এসএমইএফ, বিসিক, এফবিসিসিআই, এবং অন্যান্য ব্যবসায়ী সংগঠনসমূহ |
| | | | • এলডিসি গ্রাজুয়েশন চ্যালেঞ্জ মোকাবেলায় বিভিন্ন দেশের সাথে বাণিজ্য চুক্তি সম্পাদন এবং এসব চুক্তির নেগোসিয়েশনের সময় এসএমই খাতের স্বার্থ সংরক্ষণের জন্য এসএমই সেক্টরের প্রতিনিধিত্ব | বাণিজ্য মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | পররাষ্ট্র মন্ত্রণালয়, ইআরডি, এসএমইএফ, এফবিসিসিআই, এবং অন্যান্য ব্যবসায়ী |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | নিশ্চিত করা। | | | সংগঠনসমূহ |
| ২৩. | নতুন বাজার বিশ্লেষণ বিষয়ে পরামর্শ ও তথ্য সেবা | ৪.৩.৩.২ | • এসএমই পণ্যের আন্তর্জাতিক বাজার বিষয়ে উদ্যোক্তাদের ধারনা প্রদানের লক্ষ্যে ফিজিক্যাল ডেস্ক ও অনলাইন প্লাটফর্মের মাধ্যমে পরামর্শ ও তথ্য সেবা প্রদান | ইপিবি | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | পররাষ্ট্র মন্ত্রণালয়, এসএমইএফ, বিসিক, বিজনেস প্রমোশন কাউন্সিল। |
| | | | • বিদেশী দূতাবাস ও কমার্সিয়াল কাউন্সিলরের মাধ্যমে নতুন বাজারের তথ্য অনুসন্ধান ও প্রদানে সহযোগিতা প্রদান | পররাষ্ট্র মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৮ | বাণিজ্য মন্ত্রণালয়, ইপিবি, চেম্বার ও এ্যাসোসিয়েশন |
| ২৪. | আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে এসএমই পণ্য মেলা আয়োজন | ৪.৩.৩.৩ | • প্রতিবছর জাতীয় এসএমই পণ্য মেলার আয়োজন | এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বিসিক, নাসিব, এফবিসিসিআই এবং শিল্প মন্ত্রণালয় |
| | | | • বিভাগীয় ও জেলা পর্যায়ে আঞ্চলিক এসএমই পণ্য মেলার আয়োজন<br>• বিভিন্ন জাতীয়, আঞ্চলিক উৎসব ও পার্বণে এসএমই উদ্যোক্তাদের পণ্য বিপণনের ব্যবস্থা গ্রহণ করা<br>• স্থানীয় বিভিন্ন মেলায় অংশগ্রহণে সহায়তা প্রদান। | এসএমইএফ এবং স্থানীয় প্রশাসন | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | মন্ত্রিপরিষদ বিভাগ, বিটিবি, বিসিক,শিল্প মন্ত্রণালয়, নাসিব এবং স্থানীয় চেম্বার্স |
| | | | • হেরিটেজ পণ্যের প্রচারে মেলা/ফেস্টিভ্যাল আয়োজন করা।<br>• উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বাজারে প্রবেশের লক্ষ্যে ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন | এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বিসিক, নাসিব, এফবিসিসিআই এবং অন্যান্য বাণিজ্য সংস্থা। |
| | | | • ট্রেডবডি/অ্যাসোসিয়েশন কর্তৃক মেলা আয়োজনে সহযোগিতা প্রদান<br>• দেশী পণ্য ক্রয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে স্যোস্যাল ক্যাম্পেইন (ফেইসবুক, টিভি স্ক্রল, এলইডি বিজ্ঞাপন, টক শো ইত্যাদি মাধ্যম ব্যবহার করে) | এসএমইএফ ও বিসিক | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, নাসিব, এফবিসিসিআই এবং অন্যান্য বাণিজ্য সংস্থা। |
| ২৫. | এসএমই পণ্য প্রদর্শনী কেন্দ্র স্থাপন ও অনলাইন মার্কেটিং প্লাটফর্ম তৈরি | ৪.৩.৩.৪ | • প্রতিটি বিভাগ ও জেলায় এসএমই পণ্য প্রদর্শনী কেন্দ্র প্রতিষ্ঠা করা (এজন্য বিসিকের সুবিধাদি ব্যবহার করা যেতে পারে)। এছাড়া, জেলা ও উপজেলা পর্যায়ে স্থাপিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ও বিভিন্ন বিমানবন্দরে ডিসপ্লে ও সেলস্ সেন্টার স্থাপন করা | এসএমইএফ এবং বিসিক | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় |
| | | | • এসএমই পণ্য বিক্রয়ের জন্য অনলাইন মার্কেটিং প্লাটফর্ম স্থাপন ও পরিচালন | এসএমইএফ এবং বিসিক | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয় এবং আইসিটি ডিভিশন |
| | | | • বিভিন্ন পর্যটন এলাকা ও ট্যুরিস্ট ইনফরমেশন সেন্টারসমূহে এসএমই উদ্যোক্তাগণের উৎপাদিত পণ্য বিপণনের ব্যবস্থা গ্রহণ | এসএমইএফ, বিটিবি ও পর্যটন কর্পোরেশন | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয় ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |
| | | | • এসএমই-দের ই-কমার্স ভিত্তিক ব্যবসা সম্প্রসারণে স্থানীয় সরকার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করা | এসএমইএফ এবং বিসিক | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, আইসিটি ডিভিশন, স্থানীয় সরকার |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | বিভাগ এবং সংশ্লিষ্ট সংস্থা |
| ২৬. | এসএমই পণ্যের ব্র্যান্ডিং | ৪.৩.৩.৫ | • এসএমই পণ্যের আন্তর্জাতিক মানের প্যাকেজিং ও ব্র্যান্ডিং সহায়তা প্রদান। | বিএসটিআই, এসএমইএফ ও বিসিক | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, ইপিবি, বিজনেস প্রমোশন কাউনশিল |
| | | | • জেলাভিত্তিক এসএমই পণ্যের ব্র্যান্ডিং এর লক্ষ্যে One District One SME Product কার্যক্রম গ্রহণ | এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বিসিক, স্থানীয় প্রশাসন এবং স্থানীয় চেম্বার/এসোসিয়েশন |
| | | | • প্রযোজ্য ক্ষেত্রে এসএমই পণ্যের জিআই (GI) প্রাপ্তির উদ্যোগ গ্রহণ করা | ডিপিডিটি | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বিসিক, এসএমইএফ এবং পণ্য ভিত্তিক চেম্বার/এসোসিয়েশন |
| ২৭. | এসএমই পণ্যের গুণগতমান সংরক্ষণে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনা করা | ৪.৩.৩.৬ | • এসএমই পণ্যের গুণগতমান উন্নয়নের জন্য বিএসটিআই ও বিশ্বের অন্যান্য দেশ কর্তৃক নির্ধারিত পণ্যের গুণগতমান নিয়ন্ত্রণ কৌশল ও স্ট্যান্ডার্ড অব টেস্টিং বিষয়ে এসএমইদের প্রশিক্ষণের ব্যবস্থা করা | বিসিক, এনপিও এবং এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বিএফটিআই, বিআইএম, বিএমইটি, বিসিআই, এনজিও এবং নাসিব |
| | | | • পণ্যের কাঁচামাল সহজলভ্য করা এবং এক্ষেত্রে নীতিগত সহায়তা প্রদান করা এবং আমদানী শুল্ক হ্রাসকরণ। | বাণিজ্য মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এনবিআর |
| ২৮. | আন্তর্জাতিক সার্টিফিকেশন পেতে এসএমইদের সহায়তা প্রদান | ৪.৩.৩.৭ | • আইএসও সহ আন্তর্জাতিক সনদ প্রাপ্তিতে এসএমইদের সহায়তা প্রদান | বিএসটিআই | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, বিসিএসআইআর, বিসিক এবং এসএমইএফ |
| ২৯. | এসএমইদের বিএসটিআই সনদ, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস প্রাপ্তি সহজীকরণ | ৪.৩.৩.৮ | • এসএমইদের পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস নিবন্ধন প্রাপ্তি বিষয়ে সহায়তার জন্য পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরে (ডিপিডিটি) হেল্প ডেস্ক চালু ও সচল করা এবং এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারন<br>• সহজ উপায়ে বিএসটিআই সার্টিফিকেট পেতে এসএমইদের সহযোগিতা করা | বিএসটিআই এবং ডিপিডিটি | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমইএফ, বিসিক এবং এসএমই অধিশাখা, শিল্প মন্ত্রণালয় |
| ৩০. | প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা | ৪.৩.৩.৯ | • এসএমই উদ্যোক্তা ও কর্মীদের নেতৃত্ব ও পরিচালনা, ব্যবসা ব্যবস্থাপনা, পণ্যের উৎপাদন ও পণ্যের মানোন্নয়ন, বাজারজাতকরণ, অনলাইন মার্কেটিং প্লাটফরম (ই-কমার্স) এর মাধ্যমে পণ্য বিক্রয় পদ্ধতি, আমদানি-রপ্তানির নিয়ম ও পদ্ধতি (Rules and | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বিএফটিআই, বিআইএম, বিএমইটি, বিসিআই, বিসিসিআই, নাসিব, ডব্লিউইএবি এবং এনজিও |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | Procedures for Import and Export) বিষয়ক এবং কারিগরি ও প্রযুক্তিগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজন করা<br>• সকল প্রাসঙ্গিক বিষয়ে প্রশিক্ষণ মডিউল তৈরি এবং সেগুলোকে অনলাইনের মাধ্যমে সহজলভ্য করা। এক্ষেত্রে সর্বশেষ তথ্য প্রযুক্তি ও আঞ্চলিক বাজার ব্যবস্থার ওপর গুরুত্বারোপ করা।<br>• জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষক পুল তৈরি করা | | | |
| ৩১. | জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান করা | ৪.৩.৩.১০ | • দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের উদ্যোক্তাদের বিশেষ অবদানকে স্বীকৃতি দিতে খাতভিত্তিক জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার প্রদান কার্যক্রম জোরদারকরণ।<br>• বিভাগীয় ও জেলা পর্যায়ে সম্ভাবনাময় এসএমই উদ্যোক্তাদের বার্ষিক বা দ্বি-বার্ষিক ভিত্তিতে "এসএমই চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড" প্রদান করা। | এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয় |
| ৩২. | এসএমই খাতকে বৃহৎ শিল্পের সংযোগ-শিল্প হিসেবে গড়ে তোলা | ৪.৩.৩.১১ | • এসএমই খাতে অগ্রসংযোগ (Forward Linkage) এবং পশ্চাৎসংযোগ (Backward Linkage) শিল্প স্থাপনে বিশেষ প্রণোদনা/ট্যাক্স হালিডে সুযোগ সৃষ্টি<br>• এসএমই এবং বৃহৎশিল্পের মধ্যে বাজার সংযোগ (Market Linkage) স্থাপনে সহায়তা প্রদান<br>• বিজনেস ম্যাচমেকিং প্ল্যাটফর্ম তৈরি করা<br>• বৃহৎ শিল্পের উৎপাদন প্রক্রিয়া এবং প্রযুক্তি ধারণা এসএমই কর্তৃক সহজে গ্রহণ ও ব্যবহারের সুযোগ তৈরিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া | বিসিক এবং এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয় |
| ৩৩. | কন্ট্রাক্ট মেন্যুফেকচারিং (সাব-কন্ট্রাক্টিং) এর মাধ্যমে এসএমই খাতের উন্নয়ন | ৪.৩.৩.১২ | • এসএমইবান্ধব সাব-কন্ট্রাক্টিং বিধিমালা হালনাগাদ করে প্রয়োগ নিশ্চিতকরণ | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমইএফ এবং বিসিক |
| | | | • সরকারি প্রতিষ্ঠান কর্তৃক একটি নির্দিষ্ট পরিমাণ পণ্য বা সেবা এসএমইদের থেকে সরসরি ক্রয় (ডিপিএম) নিশ্চিতকরণ | বিপিপিএ এবং শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমইএফ এবং বিসিক |
| | | | • বাজারে ন্যায্য প্রতিযোগিতা নিশ্চিত করতে এবং বৃহৎ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাদের উৎপাদিত বিভিন্ন পণ্য উৎপাদন নিরুৎসাহিত করতে বিদ্যমান প্রতিযোগিতা আইন ২০১২ এর প্রয়োগ নিশ্চিত করা। | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | শিল্প মন্ত্রণালয়, এসএমইএফ এবং বিসিক |
| কৌশলগত লক্ষ্য ৪: আর্থিক অন্তর্ভুক্তিকরণ, বিনিয়োগ প্রবৃদ্ধি এবং স্টার্টআপ ইকোসিস্টেম উন্নয়ন | | | | | | |
| ৩৪. | এসএমই অর্থায়নে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উদ্যোক্তাদের রেডিনেস | ৪.৪.৩.১ | • ঋণ গ্রহণের জন্য প্রযোজ্য ডকুমেন্টেশন সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার হালনাগাদ করা | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ, বিসিক, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, বিভিন্ন উদ্যোক্তা চেম্বার এবং |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | এ্যাসোসিয়েশন |
| | | | • এসএমই উদ্যোক্তাদের লাইসেন্সসহ ওয়ান স্টপ সার্ভিস প্রদানে সহযোগিতা প্রদান | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | এসএমইএফ, বিসিক, বিভিন্ন উদ্যোক্তা চেম্বার এবং এ্যাসোসিয়েশন |
| | | | • ডিমান্ড সাইড ও সাপ্লাই সাইড সক্ষমতা বৃদ্ধিতে Non-Financial Services গাইডলাইন প্রণয়ন<br>• রিভার্স ফ্যাক্টরিং, ওয়ার্ক অর্ডার ফাইন্যান্স, রিসিভেবল ফাইন্যান্স ও মেজ্জাজিন ফাইন্যান্স সম্পর্কে Awareness তৈরি | শিল্প মন্ত্রণালয়, এনএসডিএ ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বাংলাদেশ ব্যাংক, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, বিসিক, বিভিন্ন উদ্যোক্তা চেম্বার এবং এ্যাসোসিয়েশন |
| ৩৫. | টেকসই ও কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলা | ৪.৪.৩.২ | • এমআরএ কর্তৃক প্রস্তাবিত সিআইবি চালুকরণ এবং বাংলাদেশ ব্যাংক ও এমআরএ এর সমন্বিত সিআইবি চালুকরণ | বাংলাদেশ ব্যাংক ও এমআরএ | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, আইসিটি বিভাগ, এসএমইএফ, পিকেএসএফ, এসডিএফ, পিডিবিএফ |
| | | | • উদ্যোক্তাদের জন্য ব্লেন্ডেড ফাইন্যান্স সুবিধা চালুকরণ;<br>• প্রতিবন্ধী উদ্যোক্তাদের জন্য বিশেষ তহবিল গঠন। | বাংলাদেশ ব্যাংক ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | আইডিআরএ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ বিভাগ, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| | | | • ক্রেডিট স্কোরিং সিস্টেম ও গাইডলাইন প্রণয়ন | আইসিটি বিভাগ ও বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ, বিসিক, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| | | | • অস্থাবর সম্পত্তি জামানত হিসেবে ব্যবহারে প্রণীত 'অস্থাবর সম্পত্তি আইন, ২০২৩' কার্যকরীকরণ ও কর্তৃপক্ষ গঠন<br>• অস্থাবর সম্পত্তি জামানত হিসেবে ব্যবহার করে ঋণ গ্রহণ | আইন মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | বাংলাদেশ ব্যাংক, রেজিস্ট্রার অব জয়েন্ট-স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, এসএমই ফাউন্ডেশন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান |
| | | | • বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে ব্যাংক সমূহকে প্রাইম ক্লাস্টার নির্ধারণ করে দেয়ার লক্ষ্যে সার্কুলার প্রস্তুত | বাংলাদেশ ব্যাংক ও এসএমইএফ | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • এসএমই লেন্ডিং এজেন্সি প্রতিষ্ঠা | শিল্প মন্ত্রণালয় | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৮ | অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও এসএমইএফ |
| | | | • ঋণ ঝুঁকি কমাতে ঋণের স্থিতিকে বিমা সুবিধার আওতায় আনার লক্ষ্যে গাইডলাইন প্রণয়ন | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | আইডিআরএ, এসএমইএফ, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ এবং বীমা কম্পানিসমূহ |
| | | | • এসএমই বান্ধব স্টক এক্সচেঞ্জ ও এসএমই অনবোর্ডিং এর শর্ত সহজীকরণে গাইডলাইন প্রণয়ন | বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ, ডিএসই ও সিএসই |
| ৩৬. | এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করা | ৪.৪.৩.৩ | • সুনির্দিষ্ট লক্ষ্য ভিত্তিক রি-ফাইন্যান্স স্কিমের আওতা বৃদ্ধি | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ বিভাগ, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| | | | • প্রতিবছর এসএমই খাতে সর্বাধিক ঋণ প্রদানকারী ব্যাংককে "এসএমই ব্যাংক অব দ্য ইয়ার" অ্যাওয়ার্ড প্রদান করা।<br>• প্রতিবছর এসএমই খাতে সর্বাধিক ঋণ প্রদানকারী ব্যাংকের শাখাকে "এসএমই ব্রাঞ্চ অব দ্য ইয়ার" অ্যাওয়ার্ড প্রদান করা। | এসএমই ফাউন্ডেশন | জুলাই ২০২৫ থেকে জুন ২০৩০ | বাংলাদেশ ব্যাংক, ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| | | | • ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ প্রদানের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন | এমআরএ ও বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ ও পিকেএসএফ |
| | | | • ক্লাইমেট রিজিলিয়েন্ট উদ্যোক্তা তৈরিতে গ্রিন ফাইন্যান্সিং এর আকার বাড়ানো<br>• উইমেন অন্ট্রাপ্রেনারশীপ ফান্ড বৃদ্ধি | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ বিভাগ, এসএমইএফ, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| | | | • গ্রিন বন্ড, গ্রিন ইকুইটি ও অরেঞ্জ বন্ডে এসএমই ও নারীদের জন্য বিশেষ বরাদ্দের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন ও হালনাগাদকরণ | বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | বাংলাদেশ ব্যাংক , এসএমইএফ, ডিএসই, সিএসই, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| ৩৭. | বিকল্প অর্থায়ন সুবিধাসমূহের প্রসার | ৪.৪.৩.৪ | • ফ্যাক্টরিং ফাইন্যান্স কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গাইডলাইন যুগোপযোগীকরণ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | এসএমইএফ, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| | | | • ইকুইটি বেজড ফাইন্যান্সিং (ভেঞ্চার ফান্ড) গাইডলাইন এসএমই বান্ধব করে হালনাগাদকরণ | বাংলাদেশ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, |

| ক্রঃ নং | কর্মকৌশল/কৌশলগত হাতিয়ার | অনুচ্ছেদ/ উপানুচ্ছেদ | কার্যক্রম | প্রধান বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | বাস্তবায়নকাল | সহযোগী বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| | | | • এঞ্জেল ফান্ড প্রচলনে নীতিমালা প্রণয়ন<br>• ক্রাউড ফান্ডিং সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন | | | বাংলাদেশ ব্যাংক, এসএমইএফ, বিসিক, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
| | | | • মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে উদ্যোক্তাদের ঋণ বিতরণে বাংলাদেশ ব্যাংকের এমএফএস নীতিমালা হালনাগাদকরণ<br>• ফিনটেকের ব্যবহার বৃদ্ধিতে গাইডলাইন প্রণয়ন | বাংলাদেশ ব্যাংক | জুলাই ২০২৫ থেকে জুন ২০২৭ | অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, আইসিটি বিভাগ, এসএমইএফ, ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ |
